# বিভেদের বীজ

আমি আজ রাতের জন্য একটি সংক্ষিপ্ত পাঠ নির্ধারণ করেছি, সংক্ষিপ্ত বাক্য পাঠ, যদি ঈশ্বর চান, এর সম্বন্ধে আমাদেরকে একটি প্রসঙ্গ দিতে, মথি লিখিত সুসমাচার ১৩:২৪ থেকে ৩০ পর্যন্ত। আর তারপর আমি—আমি কিছু সময়ের মধ্যেই ৩৬ থেকে ৪০ পর্যন্ত পড়তে চাই। এখন মথি লিখিত সুসমাচার, তার ১৩ অধ্যায়, মথি লিখিত সুসমাচার ১৩ অধ্যায় ২৪ পদের থেকে শুরু করে। বাক্য পাঠে মনোযোগ দিন। আমার বাক্য অসফল হতে পারে, কিন্তু তার বাক্য অসফল হবে না।

> *পরে তিনি তাহাদের কাছে আর এক দৃষ্টান্ত উপস্থিত করিলেন, কহিলেন, স্বর্গ-রাজ্যকে এমন এক ব্যক্তির সহিত তুলনা করা যায়, যিনি আপন ক্ষেত্রে ভাল বীজ বপন করিলেন।*
>
> *কিন্তু সে লোকে নিদ্রা গেলে পর তাঁহার শত্রু আসিয়া ঐ গোমের মধ্যে শ্যামাঘাসের বীজ বপন করিয়া চলিয়া গেল।*
>
> *পরে যখন বীজ অঙ্কুরিত হইয়া ফল দিল, তখন শ্যামাঘাসও প্রকাশ হইয়া পড়িল।*
>
> *তাহাতে সেই গৃহকর্ত্তার দাসেরা আসিয়া তাঁহাকে কহিল, মহাশয়,* আপনি *কি নিজ ক্ষেত্রে ভাল বীজ বুনেন* নাই*? তবে শ্যামাঘাস কোথা হইতে হইল?*
>
> আর *তিনি তাহাদিগকে কহিলেন, কোন শত্রু* ইহা *করিয়াছে।* আর *দাসেরা তাঁহাকে কহিল, তবে আপনি কি এমন ইচ্ছা করেন যে, আমরা গিয়া...তাহা সংগ্রহ করি?*
>
> *তিনি কহিলেন, না, কি জানি, শ্যামাঘাস সংগ্রহ করিবার সময়ে* তোমরা *তাহার সহিত গোমও উপড়াইয়া ফেলিবে।*
>
> *শস্যচ্ছেদনের সময় পর্য্যন্ত* উভয়কে *একত্র বাড়িতে দেও। পরে ছেদনের সময়ে আমি ছেদকদিগকে প্রেরণ করিব, তোমরা প্রথমে শ্যামাঘাস সংগ্রহ করিয়া পোড়াইবার জন্য বোঝা বোঝা বাঁধিয়া রাখ, কিন্তু গোম আমার* গোলায় *সংগ্রহ কর।*

2 আপনারা কি লক্ষ্য করেছেন, "প্রথমে শ্যামাঘাস সংগ্রহ করে, বোঝা বোঝা বেঁধে রাখো"? এখন, এটি পড়ার পর, যখন আমি

ক্যাটালিনা পর্বতমালার উপরে বসেছিলাম, প্রার্থনাতে, আমার কাছে একটি অজানা বিষয় এসেছিল। আর তখন আমি ভাবলাম, "আমি কোথায় একটি শব্দ পাবো যা আজ রাত্রে প্রচার করার জন্য আমি ব্যবহার করতে পারব ?"

3 আর আমি নীচে চলে যাই এবং *ডিস্ক্রিপেন্সি* শব্দটি খুঁজে পাই, তাই আমি একটি অভিধান নিই এবং *ডিস্ক্রিপেন্সি* শব্দটার মানে দেখি। আর তার মানে "অনৈক্য বপন করা," অথবা—অথবা, "বিপরীত হওয়া," যেমনটি ওয়েবস্টার বলে, "অনৈক্য বপন করা, কিছু আলাদা," বা, "যা অনুসরণ করা হয়েছে তার বিপরীতে।" তাই আমি ভাবলাম, আজ রাতের বার্তাটি, আমি বলব: *বিভেদের বীজ*। আর বিশ্বাস করি ঈশ্বর এখন তাঁর বাক্যকে আশীর্বাদ করবেন যখন আমরা এর অধ্যয়ন করি।

4 আর আমরা জানি যে তিনি এর ব্যাখ্যাও করেছেন, ৩৬ পদ থেকে এবং—এবং ৪৩ পদ পর্যন্ত, কিভাবে এই বীজটি পূর্ণবিকশিত হল। আর আমরা যখন এখানে আছি, আসুন এটিও পড়ি, এখন ৩৬ পদ থেকে ৪৩ পদ পর্যন্ত।

> আর *তখন তিনি লোকসমূহকে বিদায় করিয়া গৃহে আসিলেন। আর* তিনি *তাঁহার শিষ্যগণ নিকটে আসিয়া তাঁহাকে কহিলেন, ক্ষেত্রের শ্যামাঘাসের দৃষ্টান্তটী আমাদিগকে স্পষ্ট করিয়া বলুন।*
>
> আর *তিনি উত্তর করিয়া কহিলেন, যিনি ভাল বীজ বপন করেন, তিনি মনুষ্যপুত্র।*
>
> আর *ক্ষেত্র জগৎ; ভাল বীজ রাজ্যের সন্তানগণ; শ্যামাঘাস সেই পাপাত্মার সন্তানগণ;*
>
> *যে শত্রু তাহা* বুনিয়াছিল, *সে দিয়াবল; ছেদনের সময় যুগান্ত; ছেদকেরা স্বর্গদূত।*
>
> *অতএব যেমন শ্যামাঘাস সংগ্রহ করিয়া আগুনে পোড়াইয়া দেওয়া যায়, তেমনি যুগান্তে হইবে।*
>
> *মনুষ্যপুত্র আপন দূতগণকে প্রেরণ করিবেন; তাঁহারা তাঁহার রাজ্য হইতে সমস্ত বিঘ্নজনক বিষয় ও অধর্ম্মাচারীদিগকে সংগ্রহ করিবেন,*
>
> *এবং তাহাদিগকে* আগুনে, *অগ্নিকুণ্ডে ফেলিয়া দিবেন;* এবং *সেই স্থানে ক্রন্দন*, বা *রোদন ও দন্তঘর্ষণ হইবে।*

*তখন ধার্ম্মিকেরা আপনাদের পিতার রাজ্যে সূর্য্যের ন্যায় দেদীপ্যমান হইবে।* যাহার কাণ আছে...*সে শুনুক।*

5 তিনি যীশু স্বয়ং, যিনি এই দৃষ্টান্তটির ব্যাখ্যা দিচ্ছিলেন, সেইজন্য এই ব্যাখ্যাটির মানে কি তা আমরা জানি। আর এখন যখন আমরা এর অধ্যায়ন করি, এই বীজ বপন নিয়ে এবং—এবং শস্য সংগ্রহ নিয়ে, তিনি এখনে ব্যাখ্যা করছেন। আর আমি বিশ্বাস করি যীশু তার নিজ সময়ে এই দৃষ্টান্ত নিয়ে বলেছিলেন, কিন্তু তিনি বোঝানোর চেষ্টা করছিলেন এইরকম পৃথিবীর শেষ সময় পর্যন্ত ঘটবে, বা, যুগের শেষ পর্যন্ত, যেটি হল *আজকের* দিন। আর আমি বিশ্বাস করি আজকে রাতের এই ছোট্ট বাক্যটি যে সময়ে আমরা বসবাস করছি তার জন্য খুবই উপযুক্ত, কারণ এখানে যীশু খুব স্পষ্টভাবে বলেছেন যে "এই পৃথিবীর শেষ সময়ে তা সংগ্রহ করা হবে," তখন সেখানে অন্ত ঘটবে; গমের সংগ্রহকরণ, এবং শ্যামাঘাসেরও সংগ্রহকরণ এবং তাদের জ্বালিয়ে দেওয়া, আর গমকে স্বর্গরাজ্যে নিয়ে যাওয়া। আর আমি বিশ্বাস করি এটি এই ভাবেই হবে।

6 আর অন্য আরেকটি বাক্য আমাকে এইভাবে বিশ্বাস করার জন্য প্রেরণা দেয়, আমি এখানে এটা লিখে রেখেছি, মথি লিখিত সুসমাচার ২৪:২৪, সেখানে এটা বলা হয়েছে, বীজ—বিভেদের বীজের—বিষয়ে বলা হয়েছে। যীশু বলেছেন যে এই দুইটি এত কাছাকাছি থাকবে যে যদি সম্ভব হয় সে মনোনীত ব্যক্তিকেও ভুলাইতে পারে। প্রায় ঠিক একই রকম।

7 বাক্যে অন্য এক জায়গায় সেখানে এটা লেখা রয়েছে, যে বৃষ্টিপাত ধার্মিক ও অধার্মিক উভয়ের উপর হয়।

8 আমি আমার সেই প্রথম অনুভূতি মনে করতে পারি যখন আমি প্রথমবার পেন্টিকোস্টাল ব্যক্তিদের মাঝে উপস্থিত হয়েছিলাম। আমি মিশাওয়াকা, ইন্ডিয়ানাতে ছিলাম। আর আমি একটি বিশাল সম্মেলনে ছিলাম, ঠিক এইরকম একটি হলঘর, যেখানে উত্তর এবং দক্ষিণ একসঙ্গে এসেছিল। পৃথকীকরণের, সেই দিনগুলির কারণে, তাদেরকে সেখানে একসঙ্গে আসতে হয়েছিল। পেন্টিকোস্টাল ভাইদের মধ্যে তারা দুটি বহৎ বিভাগ ছিল। আমি তাদের বিষয়ে কখনো কিছুই শুনিনি বা তাদের সঙ্গে আগে কখনো সাক্ষাৎ হয়নি। প্রথমবার আমি ভিন্ন ভাষায় কথা বলা শুনেছিলাম। আর সেই সম্মেলনের, শেষ সারিতে বসে...আমি তাদের কোন সদস্য না হয়ে, আমি একজন তরুণ ব্যাপ্টিস্ট প্রচারক ছিলাম, আমি শেষ প্রান্তে পিছনে বসেছিলাম। আর আমি মনে করতে পারি প্রথমবার যখন

আমি ভিন্ন ভাষায় কথা বলতে শুনেছিলাম, আমি এটাও জানতাম না কি—এটা কি ছিল। আর তখন এই দুই ব্যক্তি, প্রধানত, যারা আমার সামনে বসে ছিলেন, একজন ভিন্ন ভাষায় কথা বলতে পারতেন এবং যে এই ব্যক্তিটি কি বলেছেন অন্যজন তার ব্যাখ্যা করতে পারতেন। ঠিক আছে, তখন সেখানে, আমি আমার বাইবেল যথাসাধ্য অধ্যায়ন করতে শুরু করি, আর আমি খুঁজে পাই সেটি বাক্যসম্মত। সেটা ঠিক যে রকম বাক্য, পবিত্র আত্মা করে থাকে।

9 ঠিক আছে, প্রায় তার একদিন পরে...সেই রাত্রে আমার হৃদয় খুব কেঁপে উঠেছিল। আমি ভুট্টার ক্ষেতে ঘুমিয়ে ছিলাম। আমার কাছে যথেষ্ট টাকা ছিল না যে আমি একটি—একটি—একটি বিছানা ভাড়া করি, আমার কাছে শুধু ঘরে ফেরার জন্য যথেষ্ট টাকা ছিল, আমার কাছে কিছু ডোনাট ছিল, কিছুদিন পুরনো, বা রোল, এটি ছিল, আমার প্রাতরাশ করার জন্য। আমাকে তারা স্বাগত জানায় তাদের সঙ্গে খাবার খাওয়ার জন্য, কিন্তু আমার কাছে দেওয়ার মতো কোন টাকা ছিল না। সেই সময়ে, মন্দা চলছিল, ১৯৩৩, তাই এটি—তাই এটি খুবই কঠিন ছিল। আর তাই আমি ভাবলাম, "ঠিক আছে, আমি...তাদের সঙ্গে আমার খাবার খাওয়ার কোন দরকার নেই, কিন্তু আমি জানতে চাই তাদের কাছে কি আছে। তাদের কাছে এমন কিছু আছে যা আমার কাছে নেই।"

10 তাই সেই সকালে আমি...তারা আমাকে জিজ্ঞেস করে, "সকল সেবকেরা মঞ্চের উপরে চলে আসুন এবং নিজেদের পরিচয় দিন, আপনি কে, আপনি কোথা থেকে এসেছেন।"

11 ঠিক আছে, আমি—আমি শুধু বলেছিলাম, "উইলিয়াম ব্রানহাম, প্রচারক, জেফার্সনভিলে," আর বসে পড়লাম। ঠিক আছে, সেই সময়ে আমি সব থেকে বয়সে ছোট সেবক ছিলাম সেই মঞ্চে। আর তার ঠিক পরের দিন তারা আমাকে মঞ্চে ডেকে নেন প্রচার করার জন্য। আর তখন প্রচারের শেষে, কেন, আমরা খুব মহান সময় পেয়েছিলাম, আর তারপর আমি বিভিন্ন ব্যক্তিদের সঙ্গে সাক্ষাৎ করি আর তারা আমাকে তাদের মন্ডলীতে আমন্ত্রণ করেন। তারপর তারা...

12 তারপর, কেন যে, আমি ভাবলাম, "যদি আমি সেখানে পৌঁছাতে পারি যেখানে এই দুই মুখ্য ব্যক্তি ছিলেন যারা ভিন্ন ভাষায় কথা বলেছিলেন এবং তার ব্যাখ্যা দিয়েছিলেন!" সেটা আমার হৃদয়ে জ্বলছিল, আমার এটা খুবই দরকার ছিল। ঠিক আছে, যেমনটা শুরুতে আমি বলেছিলাম, একটি ছোট্ট দান যার প্রতি আপনি আকৃষ্ট হন। আপনারা জানেন, দান এবং আহ্বান মন

পরিবর্তন ছাড়াই হয়ে থাকে, আপনারা এগুলো সারা জীবন ধরেই পেয়ে থাকেন, বুঝলেন, যদি এগুলো ঈশ্বরের দান হয়ে থাকে, আপনারা এগুলো নিয়ে জন্মগ্রহণ করেন। তাই আমি সব সময়, যখন আমি ছোট্ট বালক ছিলাম তখন থেকে, এটি আমার সঙ্গে সব সময় ঘটেছে, যারা আমাকে জানেন আমার সম্পূর্ণ জীবন নিয়ে, তারা এটি যে সত্য তা জানেন। ঠিক আছে, যদি আমি ভেবেছিলাম...এটা কি ছিল তখন আমি তা জানতাম না, আর আমি এটাকে একটা দর্শন বলেছিলাম, আমি জানতাম না এটা কি ছিল। কিন্তু আমি ভেবেছিলাম, "যদি আমি কখনো তাদের সঙ্গে কথা বলতে পারি!" ঠিক আছে, আর যে আত্মা সেই ভবনের মধ্যে ছিল অনুভব হয়েছিল যেন সত্যিই ঈশ্বরের আত্মা।

13 সুতরাং তাদের মধ্যে একজনের সঙ্গে আমাকে—আমাকে কথা বলতে হবে, আর আমি তাকে কিছু প্রশ্ন জিজ্ঞেস করলাম, আর তিনি আসলে একজন প্রকৃত খ্রিস্টান ছিলেন। তা নিয়ে কোন সন্দেহ নেই, সেই পুরুষটি একজন প্রকৃত বিশ্বাসী ছিলেন। আর অপর ব্যক্তি, যখন আমি তার সঙ্গে কথা বললাম, আমি যদি কোনদিন কোন ভন্ডের সঙ্গে সাক্ষাৎ করে থাকি, সেটি ছিল তাদের মধ্যে একজন। সেই ব্যক্তিটি আসলে ছিল...তার স্ত্রী ছিলেন একজন স্বর্ণকেশী মহিলা, আর তার যে সন্তানেরা ছিল তারা...দুইজন সন্তান ছিল কালো কেশী মহিলার থেকে। আর আমি ভাবলাম, "ঠিক আছে, এখন তাহলে কি হল? এটা এখানে, আমি—আমি পুরো গুলিয়ে যাই। আমি একজন মৌলবাদী; এটি বাক্য হতে হবে, অথবা এটি সঠিক নয়। আর এখানে সেই আত্মাটি, একটি বেজে উঠলো, প্রকৃত, আমি যা জানি সেই অনুসারে; আর অপরটি মোটেই ভাল ছিল না; আর আত্মা দুজনের উপরই নেমে আসে। এখন, এটা কি করে সম্ভব?" আমি হয়তো, আমাকে হতভম্ব করে দিয়েছিল।

14 দু'বছর পর, আমি এক গুহার ভিতরে প্রার্থনা করছিলাম যেখানে আমি প্রার্থনা করতে যাই। গুহার মধ্যে ধুলাময় হয়ে যাই, আর এক বিকেলে আমি বেরিয়ে আসি, আমার বাইবেলটি একটি গাছের গুড়ির উপর রাখি, আর বাতাস ইব্রীয় পুস্তকটি খুলে ফেলে, ৬ অধ্যায়। যেখানে বলা হয়েছে, শেষ সময়ে, এটি কেমন হবে যদি আমরা সত্যের থেকে পড়ে যাই আর মন পরিবর্তনের দ্বারা নতুন জীবন পাই, সেখানে পাপের জন্য আর কোন বলিদান নেই, আর কিভাবে এই কাটাগুলো, যারা অগ্রাহ্যের নিকটবর্তী, তাদের শেষে জ্বালিয়ে দেওয়া হবে; কিন্তু বৃষ্টি পৃথিবীর উপরে নেমে আসে, প্রায়ই, এগুলিকে জল দেওয়ার জন্য, এগুলিকে ঠিক করার জন্য; কিন্তু

এই কাঁটাগুলোকে অগ্রাহ্য করা হবে, কিন্তু গমকে সংগ্রহ করা হবে। আর আমি ভাবলাম, "ঠিক আছে, এটি বাতাসের জন্য খুলেছে।" ঠিক আছে, আমি আবার বাইবেলটি নিচে রেখে দিই। আর আমি ভাবলাম, "ঠিক আছে, এখন আমি শুধু..." আর আবার বাতাস এসে এটি খুলে ফেলে। এরকম তিনবার ঘটে। আর আমি ভাবলাম, "ঠিক আছে, এখন, এটা অদ্ভুত।"

15 আর তখন যখন আমি উঠে দাঁড়াই, আমি ভেবেছিলাম, "ঈশ্বর, কেন আপনি আমার পড়ার জন্য বাইবেলটি খুললেন, আমি... যখন আমি সেটি পড়ি, যেখানে 'কাঁটাবন ও শ্যাকুল, যারা শাপের সমীপবর্ত্তী, জ্বলনই তাদের পরিণাম'?" আমি ভেবেছিলাম, "কেন, আপনি সেটা আমার সামনে সেখানে খুলে দিয়েছিলেন?" আর যখন আমি খুঁজতে থাকি...

16 এখন, এই দর্শনগুলি কোন সাজ সরঞ্জাম ছাড়াই আসে। সেটা ঈশ্বর। বুঝলেন? আমি তাকালাম আর আমি দেখতে পেলাম একটি পৃথিবী আমার সামনে ঘুরছে, আর আমি দেখলাম তার পুরোটাই কর্ষণ করা হয়েছে। সেখানে একজন পুরুষ ছিলেন সাদা বস্ত্র পরিধান করে, গম বপন করে ঘুরে আসলেন। আর যখন তিনি পৃথিবীর চারদিকে ঘুরে আসলেন, সেখানে কোথাও থেকে একজন পুরুষ আসলেন, খুব ভয়ঙ্কর দেখতে, সে একটি কালো পোশাক পরিধান করেছিল, আর সে আগাছার বীজ এর উপর ছড়িয়ে দিতে থাকলো। তারা দুজনে একসঙ্গে আসলেন। আর যখন তারা আসলেন, তারা দুজনেই পিপাসিত ছিলেন, কারণ সেখানে বর্ষার প্রয়োজন ছিল। তাদেরকে দেখে মনে হচ্ছিল তারা দুজনেই প্রার্থনা করছিলেন, নতমস্তক হয়ে, "প্রভু বর্ষাকে প্রেরণ করুন, বর্ষাকে প্রেরণ করুন।" আর সেখানে এক বিশাল মেঘ উপস্থিত হল, আর তাদের দুজনের উপরেই বর্ষণ করলো। আর যখন এটি ঘটলো, তখন ছোট্ট গম লাফিয়ে উঠে বলল, "প্রভুর স্তুতি হোক! প্রভুর স্তুতি হোক!" এবং সেই ছোট্ট আগাছাটি একই দিকে লাফিয়ে উঠে বলল, "প্রভুর স্তুতি হোক! প্রভুর স্তুতি হোক!"

17 আর তখন সেই দর্শনটি ব্যাখ্যা করা হলো: বৃষ্টি ধার্মিক ও অধার্মিকের উপরে পড়ে। সেই একই আত্মা একটি সভায় নেমে আসতে পারে, সেখানে সবাই এতে আনন্দ করে: কপটাচারী, খ্রিস্টান, আর সব একসাথে। ঠিক তাই। কিন্তু এটা কি? তাহাদের ফলের দ্বারা তারা পরিচয় লাভ করে। বুঝলেন? তাদের পরিচয়ের জন্য সেটাই একমাত্র উপায়।

18 তারপর এখন আপনারা দেখতে পাচ্ছেন, বুনো জই, বা বুনো গম অনেক সময় দেখতে মনে হয় একটি বিশুদ্ধ, গার্হস্থ্য শস্যের মত, এতই নিকটস্থ যে মনোনীতদের প্রতারণা করতে পারে। আমি মনে করি আমরা সঠিক সময়ে বাস করছি, যখন এই সকল বিষয়গুলি নিয়ে প্রচার করা হবে এবং কথা বলা হবে।

19 লক্ষ্য করুন ৪১ সংখ্যক পদে, তারা উভয়ই খুবই নিকটবর্তী, এতটাই নিকটবর্তী যে শেষ সময় তিনি করতে পারেননি...তাদেরকে আলাদা করার জন্য তিনি কোন নির্দিষ্ট মন্ডলীর উপর নির্ভর করতে পারেননি, যেমন ধরুন, মেথডিস্ট বা ব্যাপ্টিস্ট, বা পেন্টিকোস্টাল, তাদেরকে আলাদা করার জন্য। তিনি বলেছেন, "তিনি তার দূতকে প্রেরণ করবেন তাদেরকে আলাদা করার জন্য।" একজন দূত আসছেন পৃথকীকরণ নিয়ে আসার জন্য, সঠিক এবং ভুলের মাঝে পৃথকীকরণ। ঈশ্বরের দূত ছাড়া এটি কেউ করতে পারেন না। তিনি সেই জন যিনি কোনটি ঠিক এবং কোনটি ভুল তা বলে দিবেন । ঈশ্বর বলেছেন তিনি তার দূতকে শেষ সময়ে প্রেরণ করবেন। *আজ* পর্যন্ত দূতদের নয়, কিন্তু শেষ সময়ের দূতকে, এবং তিনি সকলকে একত্র করবেন। আমরা সকলে জানি যে এখন ফসল কাটার সময় আসছে। এখন, একজন *দূতকে* আসলে ব্যাখ্যা করা হয়ে থাকে একজন "বার্তা বাহক" হিসেবে। আর আমরা দেখতে পাই সেখানে সাতজন দূত আছেন সাতটি মন্ডলীতে, আর এখন...না, মন্ডলীর যুগ ধরে।

20 লক্ষ্য করুন তিনি কাকে বীজ বপনকারী বলেছিলেন, আর এই বীজটি কি ছিল। এক, সেই বীজ বপনকারী তিনি ছিলেন, ঈশ্বরের পুত্র, যিনি বীজ বপন করে গিয়েছেন। আর একজন শত্রু তার পিছনে আসে, যে ছিল শয়তান, আর বিভেদের বীজ বপন করে যায়, সঠিক বীজ বপন করা ঠিক পিছনে। এখন, বন্ধুরা, এটি সকল যুগ ধরেই ঘটেছে যখন থেকে আমাদের এই পৃথিবী আছে। ঠিক তাই। আদি থেকে আরম্ভ করে, এটি ঠিক সেই একই বিষয় শুরু করেছে।

21 এখন তিনি বলেছেন, "ঈশ্বরের বীজ, ঈশ্বরের বাক্য।" যীশু বলেছিলেন, একটি নির্দিষ্ট জায়গায়, যে "ঈশ্বরের বাক্য হলো একটি বীজ।" আর প্রত্যেকটি বীজ নিজ নিজ জাতি অনুসারে ফল নিয়ে আসবে। আর এখন যদি খ্রিস্টান, ঈশ্বরের সন্তানেরা, ঈশ্বরের রাজ্যের সন্তানেরা ঈশ্বরের বীজে পরিণত হয়েছে, তাহলে তারা অবশ্যই ঈশ্বরের বাক্য, আমরা যে সময়ে বসবাস করছি ঈশ্বরের বাক্য প্রকাশিত হয়েছে, সেই সময়ের প্রতিজ্ঞা বীজের জন্য। ঈশ্বর

শুরুতে তার বাক্য দিয়েছিলেন, আর প্রত্যেকটি যুগে তারা তাদের বীজ পেয়েছিল, তাদের সময়ে, তাদের প্রতিজ্ঞা।

22 এখন, যখন নোহ্ দৃশ্যে আসলেন, আর তিনি ঈশ্বরের বীজ ছিলেন, সেই সময়ের জন্য ঈশ্বরের বাক্য।

23 যখন মোশি আসলেন, তিনি নোহের বার্তা নিয়ে আসতে পারতেন না, এটি কাজ করতো না, কারণ তিনি সেই সময়ের জন্য ঈশ্বরের বীজ ছিলেন।

24 তারপর যখন খ্রীষ্ট আসলেন, তিনি নোহ্ বা মোশির যুগ নিয়ে আসতে পারতেন না, এটি তার সময় ছিল, একজন কুমারী গর্ভবতী হবেন এবং একটি পুত্র সন্তানকে নিয়ে আসবেন, আর তিনি সেই অভিষিক্ত ব্যক্তি হবেন।

25 এখন, আমরা লুথারের যুগ, ওয়েসলির যুগের (মেথডিস্টের যুগ) মাধ্যমে চলে এসেছি, সকল যুগের মাধ্যমে সবশেষে, আর পেন্টেকোস্টাল যুগ, এবং প্রত্যেক যুগে বাক্যের একটি প্রতিজ্ঞা দেওয়া হয়েছিল। আর সেই যুগের লোকেরা, যারা সেই প্রতিজ্ঞা করা বাক্যটিকে প্রকাশিত করেছিল, সেই সময়ের বীজ ছিলেন, ঠিক এখানে যেমন যীশু বলেছেন, "তারা ঈশ্বরের রাজ্যের সন্তান।" সেটা ঠিক। পবিত্র আত্মা তার সন্তানের ক্রিয়ার মাধ্যমে প্রকাশিত হাওয়াই সেই যুগের ঈশ্বরের রাজ্যের বীজ।

26 লক্ষ্য করুন, আগাছাগুলি শত্রু ছিল, শয়তান, যারা বিভেদের সৃষ্টি করে, বা—বা বিভেদের বীজ, সে সেই অপ্রীতিকর ক্রিয়াগুলি করার জন্য দায়ী। আদি থেকে শয়তান তার বীজ বপন করে এসেছে, যখন ঈশ্বর পৃথিবীর উপর তার প্রথম মনুষ্য ফসলকে স্থাপন করলেন। আদম, নিশ্চয়ই, যদিও জানতেন সেখানে একটি—একটি সত্যের জ্ঞান রয়েছে, এবং সঠিক এবং ভুলের, আর তিনি তখন পর্যন্ত সেখানে আসেননি।

27 কিন্তু আমরা দেখতে পাই, ঈশ্বর তার সন্তানদের প্রতিরক্ষার জন্য তার বাক্য দিয়েছেন। তাদের...আমাদের প্রতিরক্ষার জন্য ঈশ্বরের বাক্য ছাড়া আর কিছুই নেই। সেটাই আমাদের প্রতিরক্ষা। সেখানে কোনো বোমা নেই, কোন আশ্রয়কেন্দ্র নেই, কোনও লুকানোর জায়গা নেই, কোন এরিজোনা বা ক্যালিফোর্নিয়া নেই, বা যেখানেই হোক না কেন; আমাদের কেবলমাত্র একটি প্রতিরক্ষা রয়েছে, আর সেটি হল বাক্য। আর সেই বাক্য দেহ্ধারণ করলেন এবং আমাদের মধ্যে প্রবাস করলেন, যিনি যীশু খ্রীষ্ট ছিলেন। তিনি আমাদের প্রতিরক্ষা। তার মধ্যে, আমরা সুরক্ষিত।

28 একজন প্রকৃত বিশ্বাসীর উপর পাপ কখনই আরোপিত করা হয় না। আপনারা কি সেটা জানেন ? যারা ঈশ্বরের থেকে জন্ম নিয়েছেন, পাপ করেন না, পাপ করতেই পারেন না, বুঝলেন ? এটা এমনকি আরোপিতও করা হয় না। কেন, দাউদ বলেছেন, “ধন্য সেই ব্যক্তি যার উপর ঈশ্বর পাপ আরোপিত করেন না।” যখন আপনি খ্রীষ্টের ভিতরের আছেন, আপনার পাপ করার কোন ইচ্ছা থাকে না। “সেই উপাসক, একবার শুচিকৃত হওয়ার পর, তার পাপ করার কোনো চেতনা থাকে না,” আপনার কোন ইচ্ছা থাকে না। এখন, বিশ্বের কাছে, আপনি একজন পাপী হতে পারেন; কিন্তু, ঈশ্বরের কাছে, আপনি নন, কারণ আপনি খ্রীষ্টের মধ্যে আছেন। আপনি কি করে একজন পাপী ব্যক্তি হতে পারেন যখন আপনি একজন নিষ্পাপীর মধ্যে আছেন, আর ঈশ্বর সেই ব্যক্তিকেই দেখেন যার ভিতর আপনি আছেন ?

29 এখন এই ফসল কাটার সময়ে। আদিতে, যখন ঈশ্বর তার বীজ এই পৃথিবীর উপর বপন করেছিলেন এবং তার সন্তানদের হৃদয়ের এটি দিয়েছিলেন, তার পরিবারকে, সেই বাক্যটি রাখার জন্য, সেটিই ছিল তাদের একমাত্র প্রতিরক্ষা, বাক্য রাখা ! এখানে শয়তান চলে আসে আর সেই অন্তরায়কে ভেঙে ফেলে, বিভেদের বীজ বপন করার মাধ্যমে, ঈশ্বরের বাক্যের বিপরীতে। যদি এই বিভেদ আদিতে হয়ে থাকে, এটি এখনো আছে। যদি কেউ ঈশ্বরের বাক্যের সাথে কোন কিছু যুক্ত করে থাকে, সে কিন্তু বিভেদের বীজ ! আমি পাত্তা দিই না এটা কোথা থেকে আসে, যদি এটা কোন সংগঠন থেকে আসে, যদি এটা কোন সামরিক উৎস থেকে আসে, যদি এটা কোন রাজনৈতিক শক্তি থেকে আসে, যেকোনো কিছুই যা ঈশ্বরের বাক্যের বিপরীতে, সেটা হলো বিভেদের বীজ।

30 যখন কোন ব্যক্তি দাঁড়িয়ে বলে সে একজন সুসমাচার প্রচারক, আর সে বলে যে “অলৌকিক বিষয়ের দিন সমাপ্ত হয়েছে,” সেটি হলো বিভেদের বীজ। যখন একজন ব্যক্তি দাঁড়িয়ে বলে সে একজন সেবক, কোন স্থানের এক মন্ডলীর পালক, আর সে বিশ্বাস করে না যে যীশু খ্রীষ্ট প্রত্যেকটি বিষয়ই এক (শারীরিক দেহ বাদ দিয়ে), কাল, আজ, এবং অনন্তকাল ধরে একই, সেটি হলো বিভেদের বীজ। যখন সে বলে যে “আলৌকিক এবং প্রেরিত যুগ সমাপ্ত হয়েছে,” সেটি হলো বিভেদের বীজ। যখন তারা বলে, “ঐশ্বরিক আরোগ্যদান করার মতো কোনো বিষয় নেই,” সেটি হলো বিভেদের বীজ। আর পৃথিবী এদের দ্বারা পূর্ণ হয়েছে। এরা ভিড় করে এবং গমের শ্বাসরুদ্ধ করে ফেলে।

31 আমরা লক্ষ্য করতে পারি যে প্রথম বিভেদের বীজবপকে চিহ্নিত করা হয় "দিয়াবল" বলে, আর আমরা জানি এটা, আদিপুস্তক ১ অধ্যায় হয়েছিল। আমরা এখন খুঁজে পাই, আর এখানে—মথি লিখিত সুসমাচার, তার ১৩ অধ্যায়, যীশু এখনো তার বাক্যের যে কোন বিভেদকে চিহ্নিত করেন "দিয়াবল" বলে। আর এখন ১৯৫৬, যে কোনো কিছু যে বিভেদ বপন করে, ঈশ্বরের লিখিত বাক্যের বিপরীতে, বা এর কোন ব্যক্তিগত ব্যাখ্যা দেয়, হল বিভেদের বীজ। ঈশ্বর তাকে সম্মান প্রদান করবেন না। তিনি করতে পারেন না। এর সংমিশ্রণ হয় না। নিশ্চয়ই তা হয় না। এটি সরিষা দানার মত; এটি অন্য কিছুর সাথে মিশ্রিত হয় না, আপনি একে সংকর করতে পারবেন না, এটি খাঁটি হতে হবে। বিভেদের বীজ!

32 এখন আমরা খুঁজে পাই, যখন ঈশ্বর এদন উদ্যানে তার বীজ বপন করলেন, আমরা খুঁজে পাই যে এটি হেবলকে নিয়ে আসে। কিন্তু যখন শয়তান তার বিভেদের বীজ বপন করে, সেটি একটি কয়িনকে নিয়ে আসে। একজন ধার্মিককে নিয়ে আসে; আরেকজন অধার্মিককে নিয়ে আসে। কারণ হবা বিভেদের বাক্যকে শুনেছিল, ঈশ্বরের বাক্যের বিপরীতে, আর ঠিক সেখান থেকেই পাপের বল গড়াতে শুরু করে, আর তখন থেকে গড়াতে থাকে। আর আমরা এটি কখনোই পুরোপুরি ভাবে বাইরে বের করে দিতে পারি না যতক্ষণ না দূত এসে এই বিষয়গুলি পৃথক করেন, আর ঈশ্বর তার সন্তানদের স্বর্গরাজ্যে নিয়ে যান, আর আগাছাদের পোড়ানো হবে। লক্ষ্য করুন এই দুটি দ্রাক্ষালতাকে।

33 যদি আমাদের কাছে এই বিষয়ের জন্য আরও কিছু সময় থাকতো, মূল স্থানটিকে আঘাত করার জন্য, কিছু মিনিটের মধ্যেই যাতে আমরা অসুস্থদের জন্য প্রার্থনাতে যেতে পারি।

34 লক্ষ্য করুন, এখানে মথির লিখিত সুসমাচারের, ১৩ অধ্যায়ে, আজ রাত্রের আমাদের পাঠ, ঠিক যেমন ঈশ্বর বলেছিলেন তাদেরও বীজ একসঙ্গেই বৃদ্ধি পায়, "তাদেরকে একত্রে বাড়তে দাও।" এখন, কয়িন নোদ দেশে চলে গিয়েছিলেন, নিজের জন্য একজন স্ত্রী খুঁজে পেয়েছিলেন, আর বিবাহ করেছিলেন; হেবলকে হত্যা করা হয়েছিল, আর ঈশ্বর শেথের উত্থান করলেন তার স্থানকে নেওয়ার জন্য। আর এইভাবেই এই দুটি প্রজন্ম এগিয়ে যেতে শুরু করে, ভালো এবং মন্দের মধ্য দিয়ে। এখন, আমরা লক্ষ্য করি তারা একত্রিত হয়েছিল, তারা প্রত্যেকেই, বিভিন্ন সময়ে, আর ঈশ্বরকে করতে হয়...এটি এত পাপে পূর্ণ হয়ে যায় যে ঈশ্বরকে তা ধ্বংস করতে হয়েছিল।

35 কিন্তু শেষ পর্যন্ত তারা প্রকাশিত হয় যতক্ষণ পর্যন্ত উভয় বীজ, বিভেদের বীজ এবং ঈশ্বরের বীজ, তাদের প্রকৃত মস্তককে নিয়ে আসে, আর সেটি ঈষ্করিয়োতীয় যিহূদা এবং যীশু খ্রীষ্টের মধ্যে গুটিয়ে আসে। কারণ, তিনি ঈশ্বরের বীজ ছিলেন, তিনি ঈশ্বরের সৃষ্টির আদি ছিলেন, তিনি ঈশ্বরের থেকে কম ছিলেন না। আর ঈষ্করিয়োতীয় যিহূদার জন্ম হয়েছিল বিনাশ সন্তান হিসেবে, নরক থেকে এসেছিলেন, নরকে ফিরে গিয়েছেন। যীশু খ্রীষ্ট ঈশ্বরের পুত্র ছিলেন, প্রকাশিত ঈশ্বরের বাক্য। ঈষ্করিয়োতীয় যিহূদা, তার বিভেদে, দিয়াবলের বীজ ছিলেন, পৃথিবীতে এসেছিলেন, প্রতারণা করার জন্য; যেমনটি সে আদিতে ছিল, কয়িন, তার আদি পিতা।

36 যিহূদা শুধু মন্ডলী নিয়ে খেলা করেছিলো। তিনি ছলনাহীন ছিলেন না। তার কাছে বিশ্বাস ছিল না; নাহলে সে কখনো যীশুর সঙ্গে বিশ্বাসঘাতকতা করত না। কিন্তু, দেখুন, তিনি বিভেদের বীজ বপন করেছিলেন। সে ভেবেছিল যে সে পৃথিবীর সঙ্গে বন্ধুত্ব করতে পারবে, ধনদৌলত, আর যীশুর সঙ্গেও বন্ধুত্ব করতে পারবে, কিন্তু এটা করার জন্য তার খুব দেরী হয়ে যায়। যখন মৃত্যুর সময় চলে আসে, তখন সে এই অসৎ জিনিসটি করে, তখন সে এগিয়ে যাওয়া এবং ফিরে আসার বিভাজন রেখাটি অতিক্রম করে যায়। একজন প্রতারক হিসেবে, তাকে সেই পথেই এগিয়ে যেতে হয় যে পথে সে গিয়েছিল। সে বিভেদের বীজ বপন করেছিল, সে সেই সময়ের মহান সংস্থাগুলোর কাছ থেকে অনুগ্রহ খুঁজতে চেয়েছিল, ফরীশীদের এবং সদ্দূকীদের কাছ থেকে। আর ভেবেছিল সে তার নিজের জন্য কিছু টাকা উপার্জন করতে পারবে, এবং লোকসমূহের মাঝে জনপ্রিয় হয়ে যাবে। যদি এটা এতো লোকের বিভেদের কারণ না হতে পারে, মানুষের কাছ থেকে অনুগ্রহ খোঁজার জন্য! আসুন ঈশ্বরের কাছ থেকে অনুগ্রহ খুঁজি, মানুষের কাছ থেকে নয়। কিন্তু এটাই যিহূদা করেছিলেন যখন এই বিভেদগুলি তার মস্তকে আসে।

37 আর আমরা জানি যীশু বাক্য ছিলেন, যোহন ১, বলেছেন, "আদিতে বাক্য ছিল, এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন, এবং বাক্য ঈশ্বর ছিলেন। আর সেই বাক্য দেহধারন করলেন এবং আমাদের মধ্যে প্রবাস করলেন।" তারপর, সেই বাক্যটি একটি বীজ, তারপর সেই বীজ দেহধারন করলেন এবং আমাদের মধ্যে প্রবাস করলেন।

38 যদি যিহূদা শত্রুর এবং বিভেদের বীজ ছিলেন, সেটিও ঈষ্করিয়োতীয় যিহূদার মাধ্যমে দেহধারন করলেন এবং আমাদের মধ্যে প্রবাস করলেন। তার কাছে কখনোই সত্যিকারের, সত্যিকারের বিশ্বাস ছিল না। তিনি *ভেবেছিলেন* তার কাছে যা ছিল সেটাই

বিশ্বাস। সেখানে বিশ্বাস থাকা; এবং বিশ্বাসের ভান করার মতো বিষয় রয়েছে।

39 আর একটি প্রকৃত ঈশ্বরের বিশ্বাস, ঈশ্বরের উপর বিশ্বাস করে, আর ঈশ্বরই সেই বাক্য, এটি কখনোই এর সঙ্গে কোন কিছু যোগ করবে না। বাইবেল আমাদেরকে বলে যদি আমরা একটি শব্দ যোগ করি, বা একটি শব্দ হরণ করি, জীবনের পুস্তক থেকে আমাদের অংশ বের করে দেওয়া হবে, প্রকাশিত বাক্য ২২:১৮, শেষ সমাপনী অধ্যায়।

40 প্রথম শুরুতে, বাইবেলের প্রথম পুস্তকে, ঈশ্বর তাদেরকে বলেছিলেন একটি বাক্য যাতে অমান্য না হয়, “প্রত্যেকটি বাক্য পালন করতে হবে,” সেই বাক্যের দ্বারা তাদেরকে জীবিত থাকতে হবে। যীশু, সেই বইয়ের মাঝখানে, চলে আসেন আর বলেন তার সময়ে, আর বলেন, “মানুষ কেবল রুটিতে বাঁচবে না, কিন্তু ঈশ্বরের মুখ থেকে যে—যে প্রত্যেকটি বাক্য নির্গত হয়, তাতেই বাঁচবে।” আর প্রকাশিত বাক্যের সমাপ্তির যুগে, আমাদের ভবিষ্যদ্বাণী করেন, যে, “যদি কেউ এই ভাববাণী গ্রন্থের বচন থেকে কোন শব্দ হরণ করে, বা কোন শব্দ যোগ করে, তার অংশ জীবন পুস্তক থেকে হরণ করা হবে।”

41 অতএব সেখানে কোন কিছুই ছায়াময় থাকতে পারে না, প্রকৃত, নিখাদ ঈশ্বরের বাক্য! সেটি ঈশ্বরের পুত্র, ঈশ্বরের কন্যা, যে মানুষের সঙ্কল্প দ্বারা জন্মগ্রহণ করে নি, বা হাত মেলানোর দ্বারা, বা কোন প্রকারের বাপ্তিস্মমার দ্বারা; কিন্তু ঈশ্বরের আত্মাতে জন্মগ্রহণ করেছেন, পবিত্র আত্মার মাধ্যমে, আর বাক্য তাদের মাধ্যমে প্রকাশিত হচ্ছে। সেটি প্রকৃত ঈশ্বরের বীজ!

42 শত্রু মন্ডলীতে যোগদান করে এবং ধর্মমত নিয়ে খুব গোঁড়া হয়ে যায় বা কোন বিষয়ে। কিন্তু সেটি না...সেটি বিভেদ, কোন কিছু যে ঈশ্বরের বাক্যের প্রকৃত সত্যের বিপক্ষে হস্তক্ষেপ করে।

43 আর আমরা কিভাবে জানব? আমরা বলি, “ঠিক আছে, তারা, আপনাদের কাছে এর ব্যাখ্যা করার অধিকার আছে?” না, মহাশয়! কোনো মানুষের কাছে ঈশ্বরের বাক্য ব্যাখ্যা করার অধিকার নেই। তিনিই তার নিজস্ব ব্যাখ্যাকারী। তিনি এর প্রতিজ্ঞা করেন, তারপর তিনি সেটি করেন, সেটাই তার ব্যাখ্যা। যখন তিনি প্রতিজ্ঞা করেন, তখন তিনি তা পূরণ করেন, সেটাই তার ব্যাখ্যা। কোন কিছু যা ঈশ্বরের বাক্যের বিপরীতে সেটাই একটি বিভেদ! নিশ্চিতভাবে!

44 এখন, যেমন আমি বলেছি, যিহূদার কাছে প্রকৃত বিশ্বাস ছিল না, তার কাছে ছলনাপূর্ণ বিশ্বাস ছিল। তার কাছে একটি—একটি বিশ্বাস ছিল যা সে ভেবেছিল তিনি ঈশ্বরের পুত্র, কিন্তু সে জানতো না তিনি ঈশ্বরের পুত্র ছিলেন। সে এটা করতো না। আর একজন মানুষ যে ঈশ্বরের সত্য বাক্যের সঙ্গে আপস করে, তার কাছে ছলনাপূর্ণ বিশ্বাস আছে। ঈশ্বরের প্রকৃত দাস সেই বাক্যের উপর দৃঢ় থাকবে।

45 কয়েক রাত আগে, এখানে এই শহর অ্যারিজোনা থেকে, এক বিশাল, জনপ্রিয় শিক্ষা প্রতিষ্ঠানের, একজন সেবক, আমার কাছে এসে বললেন, "আমি—আমি আপনাকে কোন বিষয়ে সোজা করে দিতে চাই" (আমি বললাম...) "যখন আপনি সুযোগ পান।"

আমি বললাম, "যতদূর আমি জানি এটাই শ্রেষ্ঠ সুযোগ। চলে আসুন।"

46 আর তিনি চলে আসলেন, তিনি বললেন, "মিঃ ব্রানহাম, আপনি চেষ্টা করছেন...আমি বিশ্বাস করি আপনি সৎ এবং সরল, কিন্তু আপনি প্রেরিতদের মতবাদ বিশ্বের কাছে প্রবর্তন করতে চাইছেন।" আর বললেন, "প্রেরিতদের যুগ প্রেরিতদের সঙ্গে সমাপ্ত হয়ে গিয়েছে।"

47 আমি বললাম, "প্রথম বিষয় আমি আপনাকে জিজ্ঞেস করতে চাই, আমার ভাই, আপনি কি বিশ্বাস করেন ঈশ্বরের প্রত্যেকটি বাক্য অনুপ্রাণিত?"

তিনি বললেন, "হ্যাঁ, মহাশয়, আমি নিশ্চয়ই করি।"

48 আমি বললাম, "তাহলে, আপনি কি আমাকে দেখাবেন বাক্যের মধ্যে কোথায় প্রেরিতদের যুগ শেষ হয়েছে? এখন, আপনি আমাকে দেখান এটি কোথায় আছে, আমি আপনার সঙ্গে বিশ্বাস করব।" আর আমি বললাম, "প্রেরিতের লেখক, সেই ব্যক্তি যার কাছে ঈশ্বরের রাজ্যের চাবি রয়েছে, পঞ্চাশত্তমীর দিন যখন প্রেরিতদের যুগ শুরু হয়, তারা বলেন, 'পুরুষ আর ভাইয়েরা, পরিত্রাণের জন্য আমাদের কি করতে হবে?' তিনি বলেন, 'মন ফিরাও, তোমরা সকলে, আর প্রভু যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হও, পাপমোচনের জন্য, আর তোমরা পবিত্র আত্মার দান পাবে, কারণ এই প্রতিজ্ঞা তোমার ও তোমার সন্তানদের জন্য, আর দূরবর্তী সকলের জন্য, যত লোককে আমাদের ঈশ্বর প্রভু ডেকে আনবেন।' এখন, বাক্য কিভাবে পরস্পর বিরোধী হতে পারে?"

সেই ব্যক্তিটি বললেন, "আজ রাত্রে আমার খুব ঠান্ডা লেগেছে।"

আমি বললাম, "আমারও ঠিক তাই মনে হয়।" দেখুন?

49 এখন আপনারা বলুন, ঈশ্বর কি এখনো ডাকছেন? যদি ঈশ্বর এখনো ডাকছেন, তাহলে প্রেরিতদের যুগ এখনো বর্তমান। নিশ্চিতভাবে! যতজনকে আমাদের ঈশ্বর ডাকেন, ডেকেছেন, ডাকবেন, যতজনকে তিনি ডাকেন, এটি প্রেরিতদের যুগই হবে, কারণ যীশু খ্রীষ্ট কাল, আজ, এবং অনন্তকাল একই।

50 এখন, আজ আমরা খুঁজে পাই যে এই বিভেদ প্রত্যেকটি যুগই বপন করা হয়েছে। যদি এটি সম্ভব হয় আমি পরের দশ বা পনেরো মিনিটের মধ্যে এটা করবো, কিন্তু আপনারা পারবেন না। প্রত্যেকটি যুগ ধরে...আমরা সকলে, আমরা প্রায়ই সকলেই বাইবেল পড়ি। আর এখন যখন যীশু আসেন, আর তিনি সেই বিভেদকে বিপরীতে খুঁজে পান। তিনি ছিলেন সেই প্রকাশিত বাক্য, তিনি ঈশ্বরের দ্বারা বাক্যের ব্যাখ্যা ছিলেন, কারণ তিনি বলেছেন, "বাক্যে খোঁজ করুন, কারণ আপনারা ভাবেন সেখানে অনন্ত জীবন রয়েছে, আর তারাই সে যে আমার সাক্ষ্য দেয়।" আপনারা যা চেয়েছিলেন। তিনি—তিনি বাক্যের ব্যাখ্যা ছিলেন। আর এই যুগের প্রত্যেকে নতুনভাবে জন্মিত ঈশ্বরের পুত্র এবং কন্যারা হলেন বাক্যের ব্যাখ্যা। আপনারা লিখিত পত্র, যা সকলে পাঠ করে। হ্যাঁ।

51 লক্ষ্য করুন, তিনি বলেছেন, "তারা বৃথা আমার আরাধনা করে, মতাদর্শের জন্য বিভেদের শিক্ষাদান করে। তারা বৃথা আমার আরাধনা করে, বিভেদের মতাদর্শের শিক্ষাদান করে, মানুষের মতাদর্শ, মানুষের ধর্ম, ঈশ্বরের বাক্য বলে তা শিক্ষাদান করে, যখন ঈশ্বরের বাক্যের সঙ্গে তার কোনো সম্পর্ক নেই।"

52 দেখুন, প্রত্যেক যুগ এই ধরনের শস্য উৎপাদন করে, প্রত্যেক যুগ তাই করেছে, আর আমাদের কোন ছাড় নেই। আমাদের কাছে সেই একই জিনিস রয়েছে, প্রত্যেকটি যুগকে একত্র করলে তার থেকেও এক মহান যুগ তাদের জন্য, কারণ এটি পৃথিবীর ইতিহাসের শেষ সময়। এটি সেই বিশাল বিভেদ যা এর আগে এই পৃথিবীতে কখনোই ছিল না, যা আজ এই পৃথিবীর উপর অবস্থান করছে। অন্যান্য যুগে বিভেদ সত্য এবং জীবিত ঈশ্বরের থেকে তাদেরকে মূর্তি পূজার দিকে টেনে নিয়ে গিয়েছিল। আজ, যীশু মথি লিখিত সুসমাচারে ২৪:২৪ বলেছেন যে এটি এতই নিকটবর্তী হবে, যদি এটি সম্ভব হয় এটি একজন মনোনীতকেও ভুলাইতে পারে। বিভেদের নিয়ে কথা বলতে চান! উহু, এটা খুবই ধূর্ত। শয়তান লোকদের মাঝখানে আছে, আর ঠিক একজন ধর্মতত্ত্ববিদ, একজন ঐশ্বরিক বিষয়ের ডাক্তার, নিখুঁত ভাবে বাক্যের শিক্ষা দিতে পারে। যীশু তাই বলেছিলেন। তবে

শুধু তাকে পর্যবেক্ষণ করুন, সেখানে কোথাও। বলেছিলেন, "ঠিক আছে, এখন, এটা এই জন্য ছিল না।" উহু, হ্যাঁ, এটাও, দেখুন, কারণ ঈশ্বর বলেছেন এটাও।

53 দেখুন এটা কি করেছে। নোহের সময়েও সেই একই বিভেদ তাদের উপর ঈশ্বরের ক্রোধকে নিয়ে এসেছিল, যখন ঈশ্বর তার ভাববাদীদের প্রেরণ করেন এবং জ্বলন্ত আগুনের ন্যায় প্রচার করেন, মন ফেরানোর জন্য মানুষদের কাছে আহ্বান করেন, আর বিভেদ নিমজ্জিত হয়। তখন শয়তান কি করে? ঠিক পিছনে চলে আসে, হামের মাধ্যমে, আর পুনরায় তা বপন করতে শুরু করে। এটা ঠিক।

54 এরপর মোশি চলে আসেন, সেই মহান ভাববাদী, ইস্রায়েলের সন্তানদের প্রান্তরে নিয়ে আসার জন্য। কি ঘটেছিল? মোশি, ঈশ্বরের মহান ভাববাদী, তাদের কাছে প্রকৃত সত্য নিয়ে এসেছিলেন, স্বীকৃত সত্য। তিনি ঈশ্বরের সঙ্গে সাক্ষাৎ করেছিলেন। ঈশ্বর প্রমাণিত করেছিলেন যে তিনি তাঁর সঙ্গে সাক্ষাৎ করেছেন। কিভাবে সেখানে সেখানকার লোকেরা, সেই যাজকেরা, এবং তাদের কাছে তাদের ধর্ম, তাদের আচার অনুষ্ঠান সবকিছু ছিল, কিন্তু মোশি একজন বাক্যের ব্যাখ্যা হিসেবে প্রকাশিত হয়ে দাঁড়িয়ে ছিলেন। ভুলে যাবেন না! মোশি ঈশ্বরের প্রতিজ্ঞার ব্যাখ্যা ছিলেন। তিনি বলেছিলেন তিনি তা করবেন; তিনি ঈশ্বরের ব্যাখ্যা ছিলেন।

55 কি ঘটেছিল? কিছুদিন পায়ে হেঁটে, মন্ডলী মিশর থেকে বেরিয়ে যেতে শুরু করে, আর কি ঘটেছিল? শয়তান তার বিভেদকে নিয়ে সেই ব্যক্তির মধ্যে চলে আসে, দ্বিতীয় কয়িন, যিনি ছিলেন বিলিয়ম, আর তিনি তাদের মধ্যে বিভেদকে বপন করেন। আমরা জানি সেটা ঠিক। সেই বিলিয়ম, বিলিয়মের শিক্ষা, যে "আমরা সবাই একই, আপনারা যে ঈশ্বরের সেবা করেন আমরাও করি," মৌলিকভাবে, তিনি ঠিক ছিলেন, কারণ তিনি এক বলিদান উৎসর্গ করেন যা ঈশ্বরও করেছিলেন; সাতটি বেদীর উপর সাতটি মেষ, সাতটি গোরু, আর সেই একই ঈশ্বরের কাছে প্রার্থনা করেন ঠিক যেমন মোশি প্রান্তরে করেছিলেন, ঠিক একই রকম। তবে তারা এক ছিল না! কী ঘটতে যাচ্ছে তা আমাদেরকে পূর্বাভাস করা। সেখানে, আবার, কয়িন প্রকাশিত হয়েছিল...বিলিয়মের মধ্যে। আর সেখানে ঈশ্বর মোশির মাধ্যমে প্রকাশিত হয়েছিলেন, একজন মনুষ্য সন্তানের মাধ্যমে তার বাক্যের ব্যাখ্যা করেছিলেন, নিজেকে ব্যক্ত করেছিলেন, তার প্রতিজ্ঞা, একজন মনুষ্য সন্তানের মাধ্যমে। আর বিভেদ উঠে দাঁড়ায়।

56 এটা যিহূদার সময়ও তাই করেছিল, সেখানে সে তার বিভেদকে নিয়ে আসে।

57 আর, মনে রাখবেন, এই লোকেরা যারা এই পাপকে বিশ্বাস করেছিল, যে "আমরা সবাই একই, আমরা একই ঈশ্বরের আরাধনা করি, আমাদের সবার একই মন্ডলীর হওয়া উচিত, আমাদের একই লোক হওয়া উচিত," সেই পাপ ইস্রায়েলকে কখনোই ক্ষমা করেনি! যীশু নিজেই বলেছেন, "তারা সকলেই মারা গেছে!"

58 তারা সকলেই বিনষ্ট হয়েছিল, কিন্তু তিনজন ছাড়া। তারা সেই জন যারা দৃঢ় হয়ে প্রতিজ্ঞার উপর বিশ্বাস করেছিলেন। যখন দুর্বলেরা বলেছিলেন, "আমরা সেই দেশকে নিতে পারবো না, এবং এটি আমাদের পক্ষে অনেক বেশি," আরও অনেক কিছু, কালেব এবং যিহোশূয় লোকদেরকে ক্ষান্ত করেছিলেন, আর বলেছিলেন, "আমরা এটা জয় করতে সমর্থ, কারণ ঈশ্বর আমাদের কাছে এটা প্রতিজ্ঞা করেছেন! বিরোধিতা কী তা নিয়ে আমি মাথা ঘামাই না!"

59 আর আমরা এখনো ঐশ্বরিক আরোগ্যদান প্রচার করতে পারি, আর পবিত্র আত্মার বাপ্তিস্ম, ঈশ্বরের শক্তি এখনো আছে এই পৃথিবীর বিষয়গুলির থেকে আমাদের আলাদা করার জন্য। ঈশ্বর তাই বলেছেন! প্রেরিতদের যুগ কখনোই শেষ হয়নি, আর এটি শেষ হবে না, এটি চলতে থাকবে।

60 তাহলে, সেই পুরনো বিভেদের বীজ বপককে আমরা খুঁজে পাই। আর মনে রাখবেন, সেই পাপকে কখনই ক্ষমা করা হয়নি। এখন, ভাই, যদি এটা কখনোই ক্ষমা করা হয়নি, তাহলে এই সময়ের জন্য কি, সকল যুগের যখন সেই—সেই প্রকৃত বীজ এক সঙ্গে আসছে?

61 লক্ষ্য করুন বিলিয়ম যে মহান বিষয়টি করেছিল, এটার পুনরাবৃত্তি ঘটেছে, আর শেষ পর্যন্ত তা শেষ হয়—হয় ঈষ্করিয়োতীয় যিহূদা, এবং যীশুর আসার মাধ্যমে। এটি কি ছিল? যিহূদা এবং যীশু ঠিক কয়িন ও হেবলের এক চিত্র ছিলেন। কারণ, ঠিক যিহূদা যেমন ধার্মিক ছিলেন, ঠিক তেমন কয়িনও ধার্মিক ছিলেন। কয়িন একটি বেদী তৈরি করেন, তিনি একটি বলিদান করেন, তিনি ঈশ্বরের আরাধনা করেন, তিনি এইসবের জন্য অপরজনের মত আন্তরিক ছিলেন। কিন্তু, আপনার দেখুন, বাক্যে কী ছিল তার প্রকাশন তার কাছে ছিল না। সে ভেবেছিল আদম আর হবা কোন প্রকারের আপেল বা কোন ফল খেয়েছিলেন। আর কয়িন...হেবল, প্রকাশনের দ্বারা, জানতেন যে এটা ভুল; এটা সেই রক্ত যা তাদের বাইরে এনেছে, আর সে একটি মেষ উৎসর্গ করে। এবং ঈশ্বর সাক্ষ্য

দেন তাঁর উৎসর্গ সঠিক। তখন সে ঈর্ষান্বিত হয়ে আর তার ভাইকে বধ করতে চেষ্টা করে। আর যখন সেই একই বেদীর উপর যেখানে তার উৎসর্গ মারা গিয়েছিল সে তার ভাইকে বধ করে, সেই মেষ সেই বেদীর উপর মারা গিয়েছিল, ঈষ্করিয়োতীয় যিহূদাও তাই করে ঈশ্বরের বেদীর উপর যীশু খ্রীষ্টের সঙ্গে বিশ্বাসঘাতকতা করে, আর তাঁকে হত্যা করে ঠিক যেমন কয়িন হেবলকে হত্যা করেছিলেন। কারণ, কয়িন বিভেদের বীজ ছিল।

62 আর বিলিয়ম ছিলেন, ভাড়াটে ভাববাদী, একজন পুরুষের কি করা উচিত তা ভালোভাবে জানতেন। আর ঈশ্বর চিহ্ন ও চমৎকারের দ্বারা তাকে সতর্ক করেছিলেন, এমনকি এক গর্দ্দভীও অন্য ভাষায় কথা বলেছিল, তবুও সে ঠিক একই ভাবে এগিয়ে গিয়েছিল। তার জন্ম হয়েছিল এক—এক বিভেদের বীজবপক হিসেবে।

63 আর যদি যীশু পূর্বাভাস দিয়েছিলেন এই যুগ অন্য সকল যুগের তুলনায় সর্বাধিক বিভেদের মাধ্যমে সমাপ্ত হবে, লায়দিকেয়াস্থ মণ্ডলীর যুগ, না ঠান্ডা না গরম, যে তাকে মন্ডলীর থেকে বাইরে বার করে দিয়েছে, কেমন করে এটা অন্য কিছু হতে পারে কিন্তু সেই: বিভেদ! নিশ্চিতভাবে, এটা সেটাই। আর এর সমাপ্তি এই যুগেই হবে।

আর এটা ছিল কালভেরীতে পুনরায় কয়িন আর হেবল।

64 এখন লক্ষ্য করুন, প্রত্যেকবারের মতো, যখনই যীশু চলে যান, স্বর্গে চলে যান, পবিত্র আত্মাকে পাঠিয়ে দেওয়া হয়। সেটাই বীজ ছিল, বাক্যকে জীবনদায়ক, যেমন আমরা গতরাত্রে বলেছি। এটি বাক্যকে পুনরুজ্জীবিত করে। *পুনরুজ্জীবিত* মানে "জীবনে নিয়ে আসে।" প্রকৃত পবিত্র আত্মা বাক্যকে জীবনে নিয়ে আসে এটাই সে। এটা কোনো ধর্ম্মমতকে জীবনে নিয়ে আসে না, এটা আনতে পারে না, কারণ এটা ধর্ম্মমতের কোন অংশই না। এটা ঈশ্বরের বাক্যের জীবন, কারণ এটাই ঈশ্বর। বুঝলেন? আর এটা সেই শরীরকে পুনরুজ্জীবিত করে।

65 এখন লক্ষ্য করুন, যেমন তারা করেছিল। তখন, আর বাইবেল বলে, এবং—এবং যোহন তার সন্তানদের সঙ্গে কথা বলেন এবং তিনি বলেছিলেন, "শিশুরা, আপনারা শ্রবণ করেছেন খ্রীষ্ট বিরোধীদের নিয়ে যারা এই পৃথিবীতে আসবে," বলেছিলেন, "যা ইতিমধ্যেই এই পৃথিবীতে চলে এসেছে, আর অবাধ্য সন্তানদের মধ্যে কাজ করছে।" এখন, সেটা ছিল পবিত্র আত্মা আসার প্রায় ত্রিশ বছর পর। আমরা খুঁজে পাই, যখন পবিত্র আত্মা আসে,

প্রকৃত বীজ, বীজকে প্রকৃত জীবনদাতা, তখন সেখানে পুনরায় বিভেদ চলে আসে। আর লক্ষ্য করুন, এর পুনরাবৃত্তি ঘটতে থাকে। এটি ছিল...

66 প্রকৃত বাক্যকে প্রকাশিত করা হয়েছিল, পুরনো সময়ের ভাববাদীরা যেমন করে তারা চলে এসেছিলেন ঈশ্বরের প্রকাশিত বাক্যকে সত্য বলে প্রমাণিত করেছিলেন। যদি কেউ কখনো *নাইসিয়া কাউন্সিল* পড়ে থাকেন, বা *পূর্ব-নাইসিয়া কাউন্সিল*, পনেরো দিনের রক্তাক্ত রাজনীতি, যখন সেখানে রোমিওদের একটি দল মন্ডলীর থেকে বের করে এনে একটি সম্প্রদায় তৈরি করে। ভাববাদীরা এসেছিলেন, মেষচর্ম পরিধান করেছিলেন, তৃণ ভোজন করেছিলেন, আর সেই বাক্যের জন্য দাঁড়িয়ে ছিলেন! কিন্তু এটা কি করল? এটা কয়িনের মত হতে হবে, এটা হেবলের মত হতে হবে, একজনকে মৃত্যুবরণ করতে হবে। অবশ্যই, এটা হয়েছিল। আর বাক্য লোকসমূহের মাঝে তার প্রভাব হারিয়ে ফেলে, আর তারা সকলেই ভোটের মাধ্যমে সত্য বাক্যকে বাইরে বের করে দেয় এবং শুরুর দিকে ক্যাথলিক চার্চ বিভেদের মতবাদকে গ্রহণ করে। তারা পোপকে নিয়োগ করে, তারা বিশপ নিয়োগ করে, তারা *এটা*, *সেটা*, *অন্যান্যদের* নিয়োগ করে। তারা পিতরের প্রকৃত সত্য অর্থকে বের করে দেয়, এবং মরিয়মের—এর—এর থেকে, এবং—এবং বাকি সকলের থেকে; আর মূর্তি তৈরি করে, খ্রিস্টান ধর্মের নাম নিয়ে একটি মূর্তিপূজার অনুষ্ঠান তৈরি করে আর কিছুই না। এটা কি ছিল? বিভেদের বীজ! আর সম্প্রদায়ভুক্ত করে, প্রথমবার তারা এই পৃথিবীতে সম্প্রদায়ভুক্ত করে, একটি চার্চ। এটা কি ছিল? বিভেদের বীজ বপন করতে শুরু করে, কিছু যোগ করা, হরণ করা।

67 কেউ কখনো শুনেছেন, বাইবেলে, শুক্রবারে মাংস না খাওয়া? কেউ কখনো শুনেছেন, বাইবেলে, এমন কিছু যা জলে ডুবিয়ে বাপ্তিস্মার পরিবর্তে জল ছিটিয়ে দেওয়া? কেউ কখনো শুনেছেন এই সকল বিষয়গুলি, “শুভেচ্ছা, মরিয়ম” বা অন্য কোন কিছু? কেউ কখনো শুনেছেন প্রোটেস্ট্যান্টদের এই পচে যাওয়া অর্থহীন মতাদর্শকে? ঘট কেটলিকে নোংরা বলতে পারে না। ঠিক! যেমন, ক্ষুদ্রতম দোষীও সম্পূর্ণ দোষী! কেউ কখনো শুনেছেন ঈশ্বর সম্প্রদায়ের মধ্যে দিয়ে কাজ করেছেন? আমাকে একবার দেখান একজন সম্প্রদায় তৈরি করে চিরকাল জীবিত রয়েছে। তারা তৎক্ষণাৎ মারা গিয়েছে, আর কখনো জীবিত হয়নি! এখন সেই সময় যখন কিছু ঘটতে যাচ্ছে, এখন ঈশ্বরের পদক্ষেপ নেওয়ার সময়। এটা লোকসমূহের মাঝে সেই প্রভাবকে বিনষ্ট করেছিল।

68 একই জিনিস আজও করা হয়েছে। তারা প্রভাবকে বিনষ্ট করে, বলে, "উহু, সেই পবিত্র-গড়াগড়ি দেওয়ার দল, তাদের কিছুই নেই।" আর, কেন, এটি একটি বিভেদ! এটি কি তা দেখতে বাক্যের সঙ্গে মুখোমুখি ভাবে সাক্ষাৎ করুন, দেখুন যদি ঈশ্বর তার নিজের বাক্যের ব্যাখ্যা করেন। ঈশ্বর এই সকল পাথর দিয়ে অব্রাহামের জন্য সন্তান উৎপন্ন করতে পারেন। আমেন।

69 শুরুর খ্রিস্টানদের মাধ্যমে বাক্য পুঙ্খানুপুঙ্খভাবে প্রকাশিত হয়েছিল, কিভাবে ঈশ্বর তাদেরকে সব বিষয় থেকে উদ্ধার করেছিলেন, এবং রোগ ব্যাধির থেকে, তাদের মধ্যে ভাববাদীরা ছিলেন, আর তারা অন্য অন্য ভাষায় কথা বলেছিলেন, অনুবাদ করেছিলেন, আর যে বাক্য দিয়েছিলেন প্রত্যেক সময়েই তা সত্য বলে প্রমাণিত হয়েছিল। কিন্তু এই সকল প্রকাশিত বাক্যের সম্মুখে, জনগণ এটিকে ভোটের মাধ্যমে বাইরে বের করে দেয়, আর এক সম্প্রদায়কে ভোট দেয়। আর সেটাই হলো সকল সম্প্রদায়ের জননী।

70 উভয়ই এখন পূর্ণবিকশিত হয়েছে। তারা উভয়ই পুনরায় বীজ বপন করতে শুরু করেছে। এটা মারা গিয়েছিল, কিন্তু লুথারের সময়ে পুনরায় এটা পুষ্পিত হয়, সকালে প্রাতরাশের সময়ের বার্তা থেকে যেমনটি আমরা জানি। লুথারের সময়ে এটি পুনরায় পুষ্পিত হয়। এখন তারা কি করেছিল? যখন সেই মহান ব্যক্তি মারা যান তৎক্ষণাৎ, তারা একটি সম্প্রদায়ের সৃষ্টি করে।

71 এটি পুষ্পিত হয়, পুনরায় জন ওয়েসলির দিনগুলিতে, যখন অ্যাংলিকানরা, তাদের সকল চিরস্থায়ী জামানত এবং সবকিছু দিয়ে একটি স্থানে এটাকে আবদ্ধ করে বিশ্ববোধের জন্য, আর কি ঘটেছিল? ঈশ্বর জন ওয়েসলি নামে এক ব্যক্তিকে উঠিয়ে আনেন, আর পুরো বিষয়টিকে সংহার করেন। আর যখনই তিনি মারা যান, তিনি এবং এসবারি আর তারা, কি ঘটেছিল? তারা সম্প্রদায়ের সৃষ্টি করে, আর এখন আপনারা সকল প্রকারের মেথডিস্টদের পাবেন। তারপর সঙ্গে একজন আরেকজন আসেন, আলেকজান্ডার ক্যাম্পবেল, জন স্মিথ, এবং আর কে।

72 অবশেষে, পেন্টিকোস্টের আবির্ভাব হয়, এই সকলের থেকে বেরিয়ে আসে। তারপর কি হয়েছিল? তারা ভালই চলতে থাকে, আপনাদেরকে কে বাধা দিয়েছে? আপনারা যে পঙ্ক থেকে বেরিয়ে এসেছিলেন ঠিক সেখানেই ফিরে গিয়েছেন, ফিরে গিয়েছেন সেই পাঁকের মধ্যেই, ফিরে গিয়েছেন সেই বিভেদে এবং সম্প্রদায় তৈরি করতে, আপনাদেরকে বাক্যের সঙ্গে আপস করতে হয়েছে। আর প্রত্যেক সময় ঈশ্বর যখন নতুন কিছু পাঠিয়েছেন, আপনারা তা গ্রহণ

করতে পারেন নি। সেটা ঠিক! পুনরায় বিভেদ! আর, লক্ষ্য করুন, অন্যদিন যেমনটি আমি বলেছিলাম, সেই প্রথম ছোট্ট তুষটি যে মূল থেকে বেরিয়ে আসে, পাতায় উঠে আসে এবং শীষ পর্যন্ত উঠে আসে, তারপরে ফিরে আবার বৃন্তে, আর বেরিয়ে আসে। সেই ছোট্ট গমের তুষটি দেখতে অনেকটা শস্যদানার মতই হয়, আর আমরা তাই ভাবি, কিন্তু যখন আপনি এটা খুলেন, সেখানে মোটেই কোন দানা নেই। এটা শষ্যদানার বৃদ্ধির জন্য শুধুমাত্র একটি সহায়ক মাত্র, আবার এটা মারাও যায়, আর জীবন তার থেকে বেরিয়ে শস্যদানার ভিতরে চলে যায়। লক্ষ্য করুন, তাই তারা বীজ বপনকারী মন্ডলীদের ডাক দেয়...

73 আজ আমরা খুঁজে পাই আমাদের তথাকথিত মন্ডলীগুলি থেকে, এমনকি পেন্টিকোস্টালদের থেকে, আমরা বেরিয়ে এসেছি, আমরা সন্তুষ্ট হয়নি, আমাদেরকে আমাদের নিজস্ব মন্ডলী তৈরি করতে হয়েছে। সবকিছু উঠে এসেছে, আমাদের *এটা* থাকতে হবে আমাদের *এটা* থাকতে হবে, আমাদের অন্য একটি মন্ডলী করতে হবে। আর এই ব্যক্তিটি উঠে বলল, "তিনি আসছেন একটি শ্বেত মেঘের উপরে।" অন্য একজন বললেন, "আহা, তিনি আসছেন শুক্লবর্ণ অশ্বে আরোহী হয়ে।" "ঠিক আছে, আমরা দুটি দল তৈরি করব।" দেখুন, এটা কি? বিভেদের বীজ বপন করা! যখন তিনি আসবেন, এটা যা কিছুই হোক না কেন, তিনি যখন আসবেন তিনি তার নিজের বাক্যের ব্যাখ্যা করবেন। সেই সময় পর্যন্ত অপেক্ষা করা যাক। সেটা ধরুন...যার সম্পর্কে কথা বলছি, আপনারা সেই দিনের বার্তাটা পান না। ঈশ্বর কি করছেন সেটি উপেক্ষা করে, তিনি কি করবেন, বা তিনি কি করেছেন, সেই দিকে নির্দেশ করে। এই ভাবেই এর মধ্যে বিভেদের সৃষ্টি হয়।

74 এখন আমরা লক্ষ্য করি যে আজ আমাদের মন্ডলীগুলিতে, আমাদের প্রত্যেকটি—প্রত্যেকটি মন্ডলী বাতাসে বীজ বপন করেছে, আর এখন ঘূর্ণিঝড়ের ফসল কাটছে। আমাদের কাছে প্রার্থনা সভা নেই, আমাদের কাছে আগের মতো কোন সভা নেই। কী ব্যাপার? আমরা সকল নিষিদ্ধ বিষয়গুলি নামিয়ে দিয়েছি। দেখুন, এমন কি আমাদের পেন্টিকোস্টাল মন্ডলীরা, ববকাট মহিলাদের নির্ধারণ করছে। যা পূর্বে অনুমতি দেওয়া হতো না। রং লাগানো মুখ, নখপলিশ লাগানো, আর বিভিন্ন বিষয়; একজন পুরুষকে এখানে নিয়ে এসে...জানোয়ারদের মত আরো অনেকে; তিনবার চারবার বিবাহিত, আর ডিকনরা; উহু, কি বিভেদ! এটা নোংরামি! কিভাবে তারা এটা করে? ঈশ্বর তার মন্ডলীতে এটা রাখতেন না, তাদেরকে

এটা পেতে সম্প্রদায়ের কাছে যেতে হবে। কেউ এর সম্পর্কে কিছু বলতে ভয় পান, কারণ তাদেরকে সম্প্রদায় থেকে বাইরে বের করে দেওয়া হবে। ঈশ্বর, আমাদের এমন পুরুষদের দিন যাঁরা ঈশ্বর এবং তাঁর বাক্য ব্যতীত অন্য কিছুতে যুক্ত নন, যারা এই বিষয়ে সত্য বলবেন। ঠিক এটাই আমাদের প্রয়োজন। আমরা কি করেছি? বিভেদের বপন। আমরা বাতাসে বপন করেছি, আর এখন আমরা ঘূর্ণিঝড়ের ফসল কাটছি।

75 লক্ষ্য করুন তাদেরকে জ্বালিয়ে ফেলার জন্য সকলকে একত্র করা হয়েছে। আপনারা কি লক্ষ্য করেছেন, যীশু বলেছিলেন, "প্রথমে, তাদেরকে একত্র করো, আটি করো, তারপর সকল আটিগুলিকে এক জায়গায় স্তূপ করো, আর আমি তাদেরকে জ্বালিয়ে ফেলবো।" সেখানে একটি ছোট্ট আটি রয়েছে যাদের বলা হয় মেথডিস্ট, ব্যাপটিস্ট, প্রেসবিটারিয়ান, লুথেরান, তারা সকলে একত্রিত হচ্ছে ধর্মসম্প্রদায়ের বিশ্ব পরিষদে। এটা কি? "তাদেরকে প্রথমে একত্র করো!" হালেলুইয়া! আপনারা কি লক্ষ্য করেছেন? তিনি আগাছাদের প্রথমে একত্র করেন, গমের থেকে তাদের পৃথক করেন, তাদের পৃথক করেন: "তাদেরকে একত্র করো আর জ্বালিয়ে দাও।" ঈশ্বরের ন্যায়ের দ্বারা তাদেরকে জ্বালিয়ে ফেলা হবে, মনুষ্যদের মাঝে বিভেদ বপন করার জন্য, যে বিষয়গুলি তারা...ধার্মিকতার রূপ ধরে, আর শক্তিকে অস্বীকার করে, বাক্যকে অস্বীকার করে, কিছু ধর্মীয় আচার অনুষ্ঠান নিয়ে, কোন ধর্মমতের যেটি কোন ব্যক্তি ঢুকিয়েছে, ঈশ্বরের বাক্যের মধ্যে তা স্থাপন করার চেষ্টা করছে। এটা কাজ করবে না। এটা একটি বিভেদ।

76 আজ আমি চিৎকার করছি, বহু পূর্বে যেমন এক মহান ভাববাদী করেছিলেন, আমোষ, যখন তিনি সেই শহরে নেমে আসলেন, বলেছিলেন, "আমি একজন ভাববাদী নই, না আমি এক ভাববাদীর পুত্র। কিন্তু যদি সিংহ গর্জন করে, কে না ভয় পাবে?" তিনি বলেছিলেন, "যখন ঈশ্বর কথা বলেন, কে না ভাববাণী বলবে?" তিনি সেই প্রজন্মের উপর ন্যায়ের পূর্বাভাস দেন, বলেছিলেন, "আপনি যে ঈশ্বরের সেবা করার দাবি করছেন তিনি আপনাকেই ধ্বংস করবেন।"

77 আপনারা এটা রাখুন, এটা টেপে রয়েছে, আর আপনারা মনে রাখুন। সেই ঈশ্বর যাকে...এই লোকেরা যারা এখন ধর্মসম্প্রদায়গুলির বিশ্ব পরিষদের—এর এই বিশাল ফসল সংগ্রহ করছে, আর আপনাদেরকে সেখানে যেতেই হবে। আপনি সেটার বাইরে থাকতে পারবেন না। আপনাদেরকে হয়তো ব্যক্তিগত ভাবে

সেখান থেকে বেরিয়ে আসতে হবে, অথবা সেখানে যেতে হবে। সেখানে কোনো মধ্যবর্তী স্থান থাকবে না। এটা সেই পশুর ছাপ হবে। কোন ব্যক্তি কেনা বেচা করতে পারবে না, শুধুমাত্র যাদের কাছে সেই ছাপ রয়েছে, বা সেই বিভেদ আছে। এখন, এর বাইরে থাকুন! সেখান থেকে বেরিয়ে যান! সেখান থেকে পালিয়ে যান! এর থেকে দূরে থাকুন! যে ঈশ্বরকে তারা সেবা করার দাবি করছে তিনি তাদেরকে ধ্বংস করবেন। সেই মহান প্রেমের ঈশ্বর যিনি কখনোই...

বলেছিলেন, "ঠিক আছে, যীশু প্রার্থনা করেছিলেন যেন আমরা সকলে এক হই।"

78 তখন তিনি আরও বলেছিলেন, "আপনারা কিভাবে একসাথে চলতে পারেন, দুইজন একসাথে চলতে পারে, যদি না তারা একমত হয়?" তিনি বলেছিলেন, "এক," যেমন তিনি আর পিতা এক। আর পিতা সেই বাক্য ছিলেন, আর তিনি প্রকাশিত বাক্য ছিলেন। তিনি পিতার সঙ্গে "এক" ছিলেন, কারণ তিনি ঈশ্বরের প্রতিজ্ঞা করা বাক্যের প্রকাশিত রূপ ছিলেন। এবং আজকের, বা অন্য কোন দিনের জন্য তাই। হ্যাঁ, মহাশয়। ঈশ্বর এক। তিনি চান আমরাও যেন এক হই।

79 কেমন করে *এরা* এক হতে পারে, কুমারীর থেকে জন্মগ্রহণকে *এরা* অস্বীকার করে, আর *এরা* করে না, ঐশ্বরিক আরোগ্যদানকে অস্বীকার করে, এবং *এটা*, *সেটা*, তারা সকলে এইরকম একটা বিশৃঙ্খলার মধ্যে? তাদের মধ্যে আবার কেউ কেউ ঈশ্বরকে বিশ্বাস করেন না, বিশ্বাস করে তিনি ঈশ্বরের পুত্র ছিলেন, বিশ্বাস করে তিনি যোষেফের পুত্র ছিলেন, ঈশ্বরের পুত্রের নামে *অভিহিত* করা হয়েছে। ঠিক তাই। দুই যমজ ভাইরা লুথারান, যুইংলী, বিশ্বাস করতেন, তিনি নিছক একজন ভাল মানুষ ছিলেন। খ্রিস্টীয় বিজ্ঞান বলেছে তিনি একজন ভাববাদী ছিলেন, শুধুমাত্র একজন সাধারণ মানুষ, তিনি ঐশ্বরিক ছিলেন না। কেন, তিনি যদি ঐশ্বরিক ছিলেন না, তিনি পৃথিবীর সর্বশ্রেষ্ঠ প্রতারক। তিনি ঈশ্বর ছিলেন অথবা তিনি কিছুই ছিলেন না। তিনি ঐশ্বরিক ছিলেন! তিনি ঈশ্বর ছিলেন, স্বয়ং, আমাদের মাঝে দেহধারন করলেন, ঈশ্বরের পুত্রের মধ্যে। নিশ্চিতভাবে, সেটাই তিনি ছিলেন।

80 এখন আমরা দেখতে পাই সেই বিভেদ ভিতরে এসেছে। আমরা জানি যে এটা এখানে আছে, কেউ তা অস্বীকার করতে পারবে না। আহারে! শুধু লক্ষ্য করুন। তিনি সেই দলকে বিনষ্ট করবেন যারা ঈশ্বরের সেবা করার দাবি করছে। আপনারা এটি দেখুন।

81 ঈশ্বর তার বীজ বপন করেছিলেন। আমি বন্ধ করছি, কারণ প্রার্থনা লাইনের সময় হয়ে এসেছে। ঈশ্বর তার বীজ বপন করেছিলেন, আর তার বীজ হল খ্রীষ্ট। কয়েক রাতের মধ্যেই আমি এই বিষয়ের উপর প্রচার করব, যেখানে ঈশ্বর তার নাম রাখার সিদ্ধান্ত নিয়ে ছিলেন, ঈশ্বরের ইচ্ছা, হয়তো কোনো একবার প্রাতরাশ করার সময় যখন আমার কাছে একটু বেশি সময় থাকবে। দেখুন, তিনিই পরিত্রাণের একমাত্র পথ। তিনিই একমাত্র সত্য ক্ষমতাবান ব্যক্তি। তিনিই একমাত্র সত্য ঈশ্বর, তার ব্যতীত আর কেউ নেই। "আমি ঈশ্বর, এবং একমাত্র ঈশ্বর," তিনি বলেছিলেন। যীশু বলেছিলেন, "এটাই আজ্ঞা: তোমরা শোনো, হে ইস্রায়েল, আমি তোমাদের ঈশ্বর সদাপ্রভু, একমাত্র ঈশ্বর। আমিই তিনি। কেন তোমরা অন্যের অন্বেষণ করছো? অন্য একজন আসবেন...আমি আমার পিতার নামে এসেছি, আর তোমরা আমাকে গ্রহণ করো না। কিন্ত অন্য জন নিজ নামে আসবে, আর তোমরা তাকে গ্রহণ করবে।" আর তারা এটা নিসিয়াতে করেছিল।

"আপনি কি একজন খ্রিস্টান?"

"আমি ব্যাপটিস্ট।"

"আপনি কি একজন খ্রিস্টান?"

"আমি পেন্টিকোস্ট।"

"আপনি কি একজন খ্রিস্টান?"

"আমি মেথডিস্ট," আরেকটা নাম।

82 কিন্তু যখন "যীশু খ্রীষ্টের" নাম চলে আসে, তারা যত দূরে সম্ভব ততদূরে সরে যায়, তারা তার সাথে কিছুই করতে চায় না, কারণ তিনিই বাক্য এবং বাক্য নিজেই ঘোষণা করে। লক্ষ্য করুন, একমাত্র পরিত্রাণের পথ! তিনিই শারোণের গোলাপ, বাইবেল বলে তিনি ছিলেন। ঈশ্বরের প্রত্যেকটি পদবি (বাইবেলের মধ্যে) যীশু খ্রীষ্টের অন্তর্গত। তিনি ছিলেন আল্ফা, ওমিগা, আদি এবং অন্ত; যিনি ছিলেন, আছেন, আর আসবেন; দায়ূদের মূল ও বংশ, দায়ূদের মূল ও বংশ উভয়ই; প্রভাতের তারা, শারোণের গোলাপ, তলভূমির শোশন পুষ্প, আল্ফা, ওমিগা, পিতা, পুত্র, পবিত্র আত্মা, সকলই যীশু খ্রীষ্টের মধ্যে! তিনি যিহোবা ঈশ্বরের সম্পূর্ণ প্রকাশ ছিলেন, দেহধারন করলেন আমাদের মাঝে প্রবাস করার জন্য। ঠিক তাই তিনি ছিলেন।

83 তিনি ছিলেন শারোণের গোলাপ। তারা এই শারোণের গোলাপের সঙ্গে কি করে ছিল? তার থেকে সুগন্ধি বার করার জন্য,

তারা এটিকে চেপে বাইরে বার করে ছিল, ভর্তা করে ছিল। একটি সুন্দর গোলাপকে চেপে ধরতে হয় সেই গোলাপের থেকে সুগন্ধি পাওয়ার জন্য। সেটি একটি সুন্দর জীবন ছিল, এর মতো জীবন আর কখনও ছিল না, কিন্তু একে কালভেরীতে চেপে বাইরে বের করে দিতেই হতো।

84 দেখুন, তারা শারোণের গোলাপের—এর অভিষেক নিয়ে ছিল আর হারোনের উপর রেখে ছিল। তাকে এর দ্বারা অভিষিক্ত হতে হত পবিত্র স্থানে ঈশ্বরের সম্মুখে যাওয়ার জন্য, পবিত্র তিরস্করিণীর ভিতরে। তাকে শারোণের গোলাপের দ্বারা অভিষিক্ত হতে হতো, প্রত্যেক বছর ভিতরে গিয়ে পাপাবরণের উপর ছিটিয়ে দেওয়ার জন্য। আর সেই অভিষেক অবশ্যই তার উপর হতে হত, ঈশ্বরের জন্য একটি মধুর গন্ধযুক্ত সুগন্ধি, তার সম্মুখে মেষের রক্ত নিয়ে, মেষের দ্বারা তার উপর ছিটিয়ে দেওয়ার পর। তার বস্ত্রের চারিদিকে দাড়িম এবং কিঙ্কিণী নিয়ে, তাকে একটি নির্দিষ্ট পদক্ষেপ পর্যন্ত যেতে হতো, বলতে বলতে "পবিত্র, পবিত্র, সদাপ্রভুর উদ্দেশ্যে পবিত্র।"

85 লক্ষ্য করুন, তিনি শারোণের গোলাপ, সেই মধুর গন্ধযুক্ত সুগন্ধি, তার নিজ লোকদের উপর অভিষেক। কোন ধর্মমত নিয়ে আপনি তাঁর সম্মুখে আসতে পারেন না, বা অন্য কোন কিছু নিয়ে, কিন্তু শারোণের গোলাপের অভিষেক নিয়ে, বাক্য। তিনি আবার তলভূমির শোশন পুষ্পও।

86 এখন, আপনারা আফিম কিভাবে পান? আপনারা আফিম পান যখন আপনি একটি শোশন পুষ্প নিয়ে তাকে নিষ্পেষণ করেন, আপনারা তখন আফিম পান। ডাক্তাররা এর ব্যবহার তাদের প্রয়োগশালায় করেন। একজন পুরুষকে নিন যিনি স্নায়বিক আর হতাশাগ্রস্থ, বা কোনো এক মহিলাকে, যিনি অনুভব করছেন যে তিনি উন্মত্ত হতে যাচ্ছেন, তিনি মেঝের উপর চিৎকার করে ঘুরছেন, তিনি হিস্টিরিয়ায় আক্রান্ত, একজন ডাক্তার সামান্য পরিমাণে শোশন পুষ্পের আফিম নিয়ে তাদের বাহু বা শিরায় কোথাও ঢুকিয়ে দেন, আর তারা শান্ত হয়ে যায়। কিছু সময়ের জন্য সব শেষ হয়ে যায়। কিন্তু যখনই সে আফিমের ক্ষমতা শেষ হয়ে যায়, তারা পুনরায় ফিরে আসে, আগের থেকে আরো খারাপ অবস্থায়।

87 কিন্তু আমি আপনাদের বলব, বন্ধুরা, আমি যা জানি এটা তলভূমির শোশন পুষ্পের প্রকৃত আফিমের একটি প্রকার মাত্র। তিনি তলভূমির শোশন পুষ্প। তাকে কালভেরীতে নিষ্পেষণ করা হয়েছিল। আমাদের পাপের জন্য তাকে বিদ্ধ করা হয়েছিল, তার ক্ষত সকলের দ্বারা আমরা আরোগ্য লাভ করেছি। তার মধ্যে,

সেই পুষ্পগুলির নিষ্পেষণের মধ্যে, তিনি একটি পুষ্প ছিলেন। তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ পুষ্প ছিলেন যা কখনো বেড়ে উঠেছিল, তলভূমির শোশন পুষ্প, আর এই মহান শারোণের গোলাপ। এখন আজ রাত্রে তিনি স্বর্গ এবং পৃথিবী জুড়ে প্রসারিত, আমি বিশ্বাস করি, তিনি সেই সময়ে, বরং, পৃথিবীর পাপকে দূরে নিয়ে—নিয়ে যাওয়ার জন্য আর পৃথিবীতে আরোগ্য নিয়ে আসার জন্য ছিলেন। আর বাইবেল বলে যে তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই।

88 বন্ধুরা, যখন ঈশ্বর মোশিকে বলেছিলেন, প্রান্তরের মধ্যে, যিনি তাঁর এক—এক ধরণ ছিলেন, একটি পিতলের সর্পকে উপরে উঠাতে। আর পিতল বিবৃত করে পাপের বিচারকে, সর্প বিবৃত করে, *পিতলের সর্প* বিবৃত করে "পাপের বিচার হয়ে যাওয়াকে।" যেমন, *পিতল* হল "ঐশ্বরিক বিচার," যেমন পিতলের বেদী যেখানে বলিদানকে উৎসর্গ করা হতো। আর এছাড়াও এলিও যখন উপরের দিকে তাকালেন তিনি বললেন আকাশ পিতলের ন্যায় দেখতে, অবিশ্বাসী জাতির উপর ঐশ্বরিক বিচার যারা ঈশ্বরের থেকে বিপথগামী হয়েছে। পিতল বিচারকে বিবৃত করে, ঐশ্বরিক বিচারকে। আর সর্প বিবৃত করে পাপের বিচার হয়ে যাওয়াকে; আর যীশু সেই ছিলেন সর্পের দ্বারা আমাদের জন্য সৃষ্ট পাপের, ঈশ্বরের বিচারকে নিজের উপর নিয়ে নেন। তিনি আমাদের পাপের জন্য বিদ্ধ হয়েছিলেন, আমাদের পাপের জন্য চূর্ণ হয়েছিলেন, আমাদের শান্তিজনক শাস্তি তার উপরে, আর তার ক্ষত সকলের দ্বারা আমরা আরোগ্য লাভ করেছি।

89 উহু, ঈশ্বরের কাছে তার আফিমে পরিপূর্ণ কক্ষ রয়েছে, আজ রাত্রে, আপনার জন্য। খ্রীষ্টীয় বন্ধুরা, আপনি অসুস্থ এবং কষ্টভোগ করছেন। উহু, আপনি পরিশ্রান্ত, এটা আপনার জন্য খুবই কঠিন। আপনি আর বেশিক্ষণ এর সঙ্গে দাঁড়াতে পারছেন না, আমরা যে আধুনিক সময়ে বাস করছি আপনি—আপনি পাগল হয়ে যাবেন।

90 আপনি কি আজ রাতে *লাইফ লাইন* শুনেছেন, তারা কি বলেছে, রাশিয়া বলেছে যে—যে, ৫৫ তে, যে তারা "পুরো বিশ্বের সম্পূর্ণ নিয়ন্ত্রণ নিয়ে নিবে"? তা হওয়ার পূর্বে, স্বর্গারোহণ হতে হবে। সুতারং এটা কত কাছে, বন্ধুরা? এটা ঠিক এখানে কাছেই এখন হাতের সামনে।

91 আপনি কি আজ রাতে তাকে আপনার সম্পূর্ণ হৃদয় দিয়ে খোঁজ করবেন না? তিনি তলভূমির শোশন পুষ্প, আর তিনি কাল, আজ এবং অনন্তকাল একই। আজ রাত তিনি এখানে আছেন নিজ লোকদের মাঝখানে নিজেকে তুলে ধরার জন্য, যেমন মোশি

সেই—সেই পাপের চিহ্নকে বিচার করে তুলে ধরেছিলেন। আর শুধু পাপ নয়, কিন্তু অসুস্থতাও। মনে রাখবেন, যীশু বলেছিলেন, "যেমন মোশি পিতলের সর্পকে উপরে উঠিয়ে ছিলেন, সেই রকম মনুষ্যপুত্রেকে অবশ্যই উচ্চীকৃত হতে হবে।" মোশি কেন এটাকে উপরে উঠিয়ে ছিলেন? পাপ, অবিশ্বাস, এবং ব্যাধির জন্য। যীশুকেও উচ্চীকৃত করা হয়, পাপ, ব্যাধি, এবং অবিশ্বাসের জন্য। তিনিও একই বিষয় ছিলেন।

92 এখন, আজ রাত্রে, আজকের এই দিনগুলোতে যখন আমরা এই বিশাল বিভেদকে পেয়েছি, লুক লিখিত সুসমাচারে যীশু খ্রীষ্ট প্রতিজ্ঞা করেছেন, যে সেই দিনগুলোতে...প্রভুর আগমনের পূর্বে, সদোমের দিনগুলোর মতো হবে, আর যখন মনুষ্যপুত্র নিজেকে প্রকাশিত করবেন, যেমন অব্রাহামের কাছে মনুষ্যপুত্র নিজেকে প্রকাশিত করেছিলেন; এলোহিম, ঈশ্বর, মনুষ্যদের মাঝে দেহধারণ করলেন, এবং অব্রাহামের সঙ্গে প্রবাস করলেন আর তাকে দেখালেন, তাকে বললেন তাম্বুতে (তার পিছনে বসে) সারা কি ভাবছেন, যা তিনি কখনো দেখেন নি। তাকে বললেন সে...আর তার নাম রেখেছিলেন, "সারা।" "অব্রাহাম," অব্রাম তার নাম—তার নাম নয়, তিনি শুরু করেছিলেন, কিন্তু অব্রাহাম। সারী নয়, সা-রী; কিন্তু সা-রা, "তোমার স্ত্রী সারা কোথায়?"

বলেছিলেন, "সে আপনার পিছনে তাম্বুতে আছে।"

93 বলেছিলেন, "জীবনের সময় অনুসারে আমি পুনরায় তোমার সঙ্গে দেখা করব।" আর সারা হাসলেন। তিনি বলেছিলেন, "কেন সে হাসল?"

94 এখন, যীশু বলেছিলেন, "এই বিশাল বিভেদকে একত্র করে জ্বালিয়ে দেওয়ার পূর্বে, মনুষ্যপুত্র নিজেকে প্রকাশিত করবেন ঠিক একই ভাবে যেমন তিনি তখন করেছিলেন।" আর সেটি হল...এটা কি? এটা পুনরায় উচ্চীকৃত করা, আপনার সামনে, যে যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই। আপনারা কি বিশ্বাস করেন? তাহলে আসুন আমরা প্রার্থনার জন্য মাথা নত করি।

95 প্রিয় ঈশ্বর, আমরা আপনাকে ভালোবাসি। আপনার বাক্য আমাদের কাছে খুবই—খুবই খাদ্যে পরিপূর্ণ, প্রভু। আমরা কেবল এটা ভালবাসি! আমরা এর দ্বারা জীবিত আছি, প্রভু। মনে হচ্ছে যে আমাদের ক্ষমতা পর্যাপ্ত নয়। আপনার মেজের সামনে আমরা বসতে ভালোবাসি, আপনার বাক্যের চারপাশে, আর আশীর্বাদ উপভোগ করতে, প্রভু, যখন আমরা এইরকম ভাবে একত্রিত

হই, ভাই এবং বোনেরা যারা ঈশ্বরের পুত্রের দ্বারা রক্ত দিয়ে কেনা হয়েছেন, যারা আপনার রক্তের দ্বারা কেনা হয়েছেন। এবং আজ রাত্রে আমরা এখানে এসেছি, প্রভু, আমরা এই রাতগুলি নিবেদিত করেছি অসুস্থদের জন্য প্রার্থনা করার উদ্দেশ্যে। আর বাক্য অনুসারে, আপনি বলেছেন যে "ক্ষত সকলের দ্বারা আমরা আরোগ্য লাভ করেছি।" তাহলে প্রার্থনা করার কোন প্রয়োজন নেই (শুধুমাত্র আমাদের পাপ স্বীকার করতে হবে), কারণ আপনার ক্ষত সকলের দ্বারা আমরা আরোগ্য লাভ করেছি (অতীত কাল)। উহু, পরিত্রাণের কি একটা দিন! ইম্মানূয়েলের দ্বারা দারুণ একটা— দারুণ একটা প্রতিজ্ঞা! এটা অবশ্যই সত্য।

96 আপনি বলেছিলেন, "আর অল্প কাল গেলে, জগৎ আর আমাকে দেখতে পাবে না, কিন্তু তোমরা দেখতে পাবে, কারণ আমি" ("আমি" ব্যক্তিগত সর্বনাম) "আমি তোমাদের সঙ্গে থাকব, এমনকি তোমাদের অন্তরে থাকবো, জগৎতের শেষ পর্যন্ত।" আর সময়ের শেষে, এই মহান পরিসমাপ্তিতে, আপনি বলেছেন, ঠিক এটা হওয়ার পূর্বে, এটা সদোমের অগ্নিবর্ষণের ঠিক আগের মুহূর্তের মত হবে যখন পরজাতীয়দের জগৎকে জ্বালিয়ে ফেলা হয়েছিল, সেখানে মনুষ্যপুত্রের প্রকাশন পুনরায় আসবে যেমন সদোমে ছিল। পিতা, হতে দিন লোকেরা যাতে তা চিনতে ব্যর্থ না হয়।

97 আর আমি প্রার্থনা করি, ঈশ্বর, যে একটি ছোট্ট অমার্জিত বিষয়, একটি গিয়ারের মধ্যে টেনে ধরে, (যদি আমি ভুল বলে থাকি, আমাকে ক্ষমা করুন)। আমি তাদেরকে ভালোবাসি, প্রভু। আমি— আমি প্রার্থনা করি তারা এটা চিনতে ব্যর্থ হবে না। হতে দিন এটি অন্য মহান রাত্রের মধ্যে অন্যতম, প্রভু। হতে দিন প্রত্যেক অসুস্থ, পীড়িত, অন্ধ, যা কিছুই এখানে আছে, প্রভু, আজ রাতে আরোগ্য লাভ করুক। প্রত্যেক পাপীকে বাঁচানো হোক। ঠিক এখন তাদের হৃদয়ে, যদি তারা অবিশ্বাসী হয়ে থাকে, এই মুহূর্তে তারা যেন খ্রীষ্টকে গ্রহণ করতে পারে। পিতা, এটা প্রদান করুন। সবই আপনার হাতে। আমাদের মধ্যে আপনার উপস্থিতি দেখতে, আমরা নিজেকে আপনার কাছে সমর্পণ করি।

98 আর আপনি বলেছেন, যোহন লিখিত সুসমাচারে ১৪:১২, "যে আমাতে বিশ্বাস করে, আমি যে সকল কার্য্য করিতেছি সেও করিবে।" কেমন করে আমরা জানবো যে আপনি নিজেকে লোক সকলের কাছে ব্যক্ত করেছেন, কারণ আপনি সেই ভাববাদী যার বিষয়ে মোশি বলেছিলেন তিনি উদয় হবেন। শত শত বছর ধরে তাদের কাছে কোন ভাববাদী ছিলেন না, প্রতিটি হস্তে বিভেদ ছিল, কিন্তু তবু

ঈশ্বরের বাক্যকে পরিপূর্ণ হতে হতো; তাই বাক্য দেহধারণ করলেন, আর বিভেদও তাই করলো। আর, পিতা, আমরা আজ পুনরায় তা দেখতে পাই, সেই বিভেদ এক বিশাল বড় আটিতে পরিণত হয়েছে; আর আমরা দেখতে পাই সেই বাক্য একই পথে আসছে। পিতা, আজ রাত্রে আমাদেরকে আশীর্বাদ করুন। আমরা নিজেকে আপনার কাছে সমর্পণ করি, আপনার বাক্যের সঙ্গে। পিতা, যা কিছুই আপনার প্রয়োজন আছে আমাদের দ্বারা করার জন্য, আমাদের দ্বারা করুন। যীশু খ্রীষ্টের নামে। আমেন।

99 [এক বোন অন্য ভাষায় কথা বলেন। টেপের খালি অংশ—সম্পাদক] আমরা জানি না তিনি কি বলেছেন। তিনি হয়তো আমাদেরকে কিছু বলার জন্য চেষ্টা করছেন, তাই কিছু সময়ের জন্য শ্রদ্ধাপূর্ণ থাকবেন। [টেপের খালি অংশ। এক ভাই তার ব্যাখ্যা দেন।]

100 আমেন। আপনারা কি কখনো পড়েছেন [টেপের খালি অংশ—সম্পাদক] বাক্যে যেখানে শত্রুরা আসছিল, আর তারা সকলে একসঙ্গে একত্রিত হয়েছিল, আর তারা...শত্রুদের কাছে বিশাল শক্তি ছিল। আর ঈশ্বরের আত্মা একজন মানুষের উপর অধিষ্ঠিত হয়, আর তাকে বলে, আর সে ভবিষ্যদ্বাণী করে, বলেছিল কোথায় গিয়ে শুয়ে অপেক্ষা করতে হবে, আর তারা তাদের শত্রুদের বিনষ্ট করে। সেখানে এটা পুনরায় আসে। সেখানে আপনাদের শত্রুদের বিনষ্ট করার স্থান রয়েছে, বুঝলেন, ঈশ্বরের হাত নিন। খ্রীষ্ট হলেন ঈশ্বরের হাত, বাক্য, নিশ্চয়ই, তাই সেটা আপনার হৃদয়ে আজ রাতে নিয়ে নিন যখন আমরা প্রার্থনার লাইন শুরু করি।

101 আমি বিশ্বাস করি বিলি আজকে আপনাদেরকে প্রার্থনার কার্ড বিতরণ করেছেন। বি, বি, বি দের নেওয়া যাক, পঁচাশি। শেষ রাত্রে, শেষ রাত্রে আমাদের কাছে পনেরোটি ছিল। আমরা একটি রাতের জন্য সাধারণত পনেরোটি নেওয়ার চেষ্টা করি। আর তখন আপনারা আপনাদের কার্ড ধরে থাকবেন, আমরা সেটা নিয়ে নিব, এখন। আসুন প্রায় পনেরোটা চেষ্টা করে দেখি। পঁচাশি। বি, ব্রানহামের মতো, আপনারা জানেন। বি, পঁচাশি থেকে একশ। আর আমরা... দেখা যাক, কার কাছে বি পঁচাশি আছে, আপনি হাত উপরে করুন। আপনি নিশ্চিত...উহু, পিছনে, ঠিক আছে, পঁচাশি উপরে চলে আসুন।

102 এখন, আমার ছেলে...কেননা এখানে অপরিচিতরা থাকতে পারে, এটা কিভাবে করা হয়েছিল তা জানেন না। আমার ছেলে এখানে নিচে আসবে, বা অন্য কেউ; যদি সে আসতে না পারে, ভাই বোর্ডার্স, অন্য কেউ। কোন পুরুষ নিচে আসবেন, আর এই

কার্ডগুলি নিয়ে, তাদের মধ্যে একশটি, লোকদের সামনে দাঁড়িয়ে তাদেরকে একসঙ্গে মিশিয়ে দিবেন। তখন সে আপনাকে একটি কার্ড দেয়, সে আপনাকে বলতে পারবে না আপনি এই মঞ্চের উপরে আসতে পারবেন কিনা, সে তা জানে না। আর আমিও সেটা জানি না। আমি রাত্রে আসি, কার্ডগুলির মধ্যে কোথাও থেকে, শুধু দশটা বা পনেরোটা টেনে বার করি। আপনার আরোগ্য লাভের সাথে এর কোনও সম্পর্ক নেই। আপনি ঠিক সেখানে বসে থাকতে পারেন। দেখুন, শেষ রাত্রে। কতজন শেষ রাত্রে এখানে ছিলেন, আপনাদের হাতগুলো দেখতে দিন ? কিভাবে লোকেরা পুরো সভা ধরে আরোগ্য লাভ করেছিল !

103 এখন, সেটা ছিল পঁচাশি, ছিয়াশি, সাতাশি, অষ্টআশি, ঊননব্বই, নব্বই। তাদেরকে এখনই আসতে দাও। বি, পঁচাশি, ছিয়াশি, সাতাশি, অষ্টআশি, ঊননব্বই, নব্বই। সেটা একটা হয়ে যেত...নিশ্চয়ই, আমাদের প্রয়োজন আছে...আর যদি কারো কাছে...এখানে আরেকটা আছে, হ্যাঁ, সেটা এটাকে সঠিক করে দিত। নব্বই, এখন নব্বই থেকে একশ পর্যন্ত। নব্বই, একানব্বই, বিরানব্বই, তিরানব্বই, চুরানব্বই, পঁচানব্বই, ছিয়ানব্বই, সাতানব্বই, আটানব্বই, নিরা।

104 যদি আপনি চলতে না পারেন, যদি আপনি...আমি দেখতে পাচ্ছি আমাদের মধ্যে কিছু লোক আছেন, এখানে তিনটি হুইলচেয়ার আছে, চারটি, আমি বিশ্বাস করি, আমি দেখতে পাচ্ছি। যদি আপনাদের কাছে প্রার্থনার কার্ড থাকে, সেটা—সেটা আপনার নম্বর ডাকা হয়েছে, আর চলতে পারছেন না, শুধুমাত্র আপনার হাত উপরে তুলুন, আমরা আপনাকে এখানে নিয়ে আসব।

105 আর যদি আপনি প্রার্থনার কার্ড না পেয়ে থাকেন, শুধুমাত্র সেখানে বসে প্রার্থনা করুন, আর বলুন, "প্রভু যীশু, হতে দিন—হতে দিন—হতে দিন আজ রাত্রে আমি।" এখানে কতজনের কাছে প্রার্থনার কার্ড নেই, আপনাদের হাত উপরে তুলুন। আহারে ! ঠিক আছে, এখন এটা বলা যাক, আমি আশা করি এটা যাতে অপবিত্রকর শুনতে না লাগে। কিন্তু আমরা বলব, সেখানে একসময় একজন ছোট্ট মহিলা ছিলেন যার কাছে প্রার্থনা কার্ড ছিল না। সে ভিড়ে ধাক্কা দিয়ে এগোতে থাকে, সে বলেছিল (এখন ধ্যান দিয়ে শুনবেন), "যদি আমি সেই পুরুষের বস্ত্র স্পর্শ করতে পারি, আমি সুস্থ হয়ে যাব।" কতজন সেই কাহিনীটি জানেন ? ঠিক আছে। আর সে কি করেছিল ? সে তাকে স্পর্শ করেছিল, এবং ফিরে গিয়ে বসে পড়েছিল। আর যীশু ঘুরে দাঁড়ালেন, তিনি জানতেন সে কোথায়

আছে। এটা কি ঠিক? তিনি জানতেন তাঁর অসুবিধা কি ছিল। এটা কি ঠিক? তিনি জানতেন তাঁর অসুবিধা কি ছিল, তাই তিনি তাকে বললেন তার অসুবিধা কোথায় ছিল। আর সে তার শরীরে অনুভব করল সেই রক্তের সমস্যা বন্ধ হয়ে গিয়েছে। এটা কি ঠিক? কিন্তু কেন? সে তাকে স্পর্শ করেছিল।

106 এখন, আজ রাত্রে এখানে কতজন খ্রিস্টানরা জানে, ইব্রীয় অনুসারে, ইব্রীয় পুস্তক, যীশু ঠিক এখন একজন মহাযাজক, সেই মহাযাজক যাকে আমাদের দুর্বলতার অনুভবের দ্বারা স্পর্শ করা যেতে পারে? তাকে কি? ঠিক আছে, যদি তিনি সেই একই মহাযাজক হন, একই ক্রিয়াস্থল, মহাযাজক, তিনি কিভাবে কাজ করবেন? তিনি তখন যেভাবে কাজ করেছিলেন ঠিক সেই ভাবেই এখনো কাজ করবেন। আপনারা কি এটা বিশ্বাস করেন? তিনি তখন যেভাবে কাজ করেছিলেন ঠিক সেইভাবে এখনো কাজ করবেন, যদি আপনি এটা বিশ্বাস করতে পারেন। ঠিক আছে। কতজন এটা বিশ্বাস করেন, আপনার হাত উপরে তুলুন, বলুন, "আমি আসলে এটা বিশ্বাস করি"?

107 ঠিক আছে, তারা প্রার্থনার লাইন তৈরি করার আগে, সেখানে একটা প্রার্থনার লাইন তৈরি করা হোক। আমি জানি তিনি এখানে আছেন। আমি—আমি—আমি তার উপস্থিতিকে অনুভব করতে পারি, আর আমি—আমি জানি তিনি এখানে আছেন। আসুন। প্রার্থনার লাইন তৈরি? আমি সেখানে ডাকতে যাচ্ছিলাম। আপনারা শুধু—শুধু প্রার্থনা করুন, শুধু এই দিকে তাকিয়ে প্রার্থনা করুন, শুধু বিশ্বাস করুন।

108 এখানে একজন ছোট্ট মহিলা বসে রয়েছেন আমার দিকে তাকিয়ে আছেন, যে মহিলাটির চোখে চশমা রয়েছে তার পাশে বসে আছেন। আপনারা কি দেখতে পাচ্ছেন না সেই মহিলার উপর অবস্থান করছে? এখানে তাকান। দেখুন? তিনি হৃদযন্ত্র সমস্যায় ভুগছেন। আপনি কি বিশ্বাস করেন ঈশ্বর আপনাকে সুস্থ করবেন? যদি আপনি করেন, আপনার হাত উপরে তুলুন। এটাই আপনার সমস্যা ছিল। সেটা ঠিক। এখন যদি সেটাই আপনার সমস্যা ছিল, আপনার হাত উপরে তুলুন যাতে লোকেরা দেখতে পায়, *এইভাবে* আপনার হাত উপরে তুলুন। এখন, আর আপনার কাছে এটা নেই। আপনার বিশ্বাস আপনাকে সুস্থ করেছে।

109 তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই। উহু, সেখানে বিভেদ রয়েছে; কিন্তু যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই। এটা

কি...এখন প্রার্থনা করতে থাকুন, দেখুন, আপনাকে এখানে উপরে আসতে হবে না, আপনারা যাতে তা জানতে পারেন।

110 এখন, এই মহিলা। যতদূর আমি জানি, আমি জীবনে তাকে কখনো দেখিনি, তিনি শুধুমাত্র একজন মহিলা এখানে দাঁড়িয়ে আছেন, একটি প্রার্থনার কার্ড নিয়ে, আর তিনি জানতেন না তাকে এখানে ডাকা হবে কি না। আপনাকে হয়তো কেউ একটি প্রার্থনার কার্ড দিয়েছে, আর আপনি—আপনার নম্বর ডাকা হয়েছে, তাই আপনি এখানে এসেছেন। সেটা কি ঠিক? আর আপনি কে তা জানার আমার কাছে কোন উপায় নেই, আপনি কে, আপনি কোথা থেকে এসেছেন, আপনি কি চান, এই বিষয়ে কোন কিছুই না। শুধুমাত্র আমি একজন পুরুষ, আপনি একজন মহিলা। সেটা ঠিক। বাইবেলে ঠিক একই রকম চিত্র একবার এসেছিল, যোহন লিখিত সুসমাচার, তার ৪র্থ অধ্যায়ে।

111 এখন আপনারা বলেন, "আপনি কি করেছিলেন, ভাই ব্রানহাম, ঠিক তখন, কিছু সময় আগে?" আমি সেই ছোট্ট গিয়ারটি টানলাম, বুঝলেন। আমি জানি না, বুঝলেন। এটা তাকে করতে হবে। আমি জানি না। কিভাবে সেই মহিলাটি বাইরে সেখানে? সেই মহিলাটিকে আমি জীবনে কখনো দেখিনি। তিনি আমার কাছে সম্পূর্ণ একজন অপরিচিত ব্যক্তি। আমি বিশ্বাস করি তিনি একজন মহিলা ছিলেন। কে সেই ব্যক্তি যিনি এখন সুস্থ হয়েছেন সেখানে শ্রোতাদের মধ্যে? আপনি কি...হ্যাঁ। আমরা একজন অপরজনের কাছে অপরিচিত। যদি সেটি সঠিক হয়, আপনি হাত হিলান *এইভাবে*। দেখুন? আমি সেই মহিলাকে কখনো দেখিনি। কিন্তু তিনি এখানে বসে ছিলেন, বিশ্বাস করেছিলেন। এখন, তিনি কিছু স্পর্শ করেছেন, তিনি কি করেননি? আমাকে স্পর্শ করে কোন লাভ হবে না।

112 কিন্তু এখন আপনারা কি দেখতে পাচ্ছেন না যে বাইবেলই ঠিক সেই ঈশ্বরের বাক্য? তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই। আমরা পবিত্র আত্মার নিবাস স্থানে পরিণত হই যিনি খ্রীষ্ট। দেখুন? সেটাই প্রকৃত বীজ। যদি সেই প্রকৃত পবিত্র আত্মা প্রকৃত বাক্যের বীজের মধ্যে প্রবেশ করে, না...এটা শুধু আংশিক গ্রহণ করে না (কারণ, শয়তান এই ভাবে ব্যবহার করে), আপনাকে সম্পূর্ণ নিতে হবে, দেখুন, এর প্রত্যেকটি বাক্য; কারণ, তিনি অর্ধেক ঈশ্বর নন, তিনি সম্পূর্ণ ঈশ্বর। দেখুন? আর সেটাই ঘটে থাকে।

113 এখন, এখানে একজন মহিলা আছেন, আমি তাকে কখনো দেখিনি। যীশু একজন মহিলাকে একসময় এইভাবে পেয়েছিলেন, হয়তো বা একই পরিস্থিতিতে নয়, আমি জানি না। আর তিনি

কূপের পাশে বসে ছিলেন। তিনি—তিনি শমরিয়ায় যাচ্ছিলেন। আর আমরা খুঁজে পাই, শমরিয়া পাহাড়ের নীচে ছিল। আর—আর তিনি যিরীহোতে যাচ্ছিলেন, বরং, তিনি শমরিয়া হয়ে যাচ্ছিলেন, আর শুখর নামে এক নগরে আসলেন। আর তিনি একটি কুপের উপর বসে পড়লেন, আর তার শিষ্যদের খাবারের সন্ধানে পাঠিয়ে দিলেন।

114 পৃথিবীতে কতগুলো জাতির লোক রয়েছে ? তিনটি। হাম, শেম, ও যেফথের লোক। আমরা সকলেই নোহোর থেকে এসেছি। আর বাকি সকল জগত সেই সময় ধ্বংস হয়ে গিয়েছিল। শুধু মাত্র তিনটি জাতির লোক, সেই যিহূদী, পরজাতি, আর শমরিয়া (যারা ছিল আধা যিহূদী এবং পরজাতি)। আর এরাই সকল জাতি যারা এই পৃথিবীতে আছে, বুঝলেন, শুধু মাত্র তিনটি।

115 ঈশ্বরে সবকিছু তিনে সিদ্ধ। ঠিক যেমন আজ রাত্রে আমি তিনটি বিষয় নিয়ে কথা বলছিলাম: বিভেদের তিনটি পর্যায়, বাক্য দেহধারন হওয়ার তিনটি পর্যায়, আর এই ভাবেই। বুঝলেন ?

116 এখন, আর তিনি—তিনি যিহূদীদের সঙ্গে কথা বলেছিলেন, ফিলিপকে বলেছিলেন, যখন তিনি নথনেলকে নিয়ে আসলেন, যে কোথায় তিনি ছিলেন, আর বলেছিলেন, "আমি তাকে দেখেছি যখন সে গাছের নিচে ছিল।" তিনি বলেছিলেন...আন্দ্রিয় যখন পিতরকে নিয়ে আসলেন, তিনি বলেছিলেন, "তোমার নাম শিমোন, আর তোমার নাম এখন থেকে 'পিতর' বলে ডাকা হবে।" বলেছিলেন, "তুমি যোহনের পুত্র।" দেখুন ? এখন, তারা সকলেই যিহূদী ছিলেন।

117 কিন্তু এখানে তিনি এক পরজাতির কাছে যান...পরজাতি না, কিন্তু এক শমরিয়া।

118 এখন এটা পরজাতীয়দের সময়। তিনি কখনোই পরজাতীয়দের কাছে তা দেখান নি। বাক্যে খোঁজ করুন। কখনোই না। কিন্তু তিনি প্রতিজ্ঞা করেছেন, লুক লিখিত সুসমাচার তার ২২ অধ্যায়ে, তিনি তা করবেন ঠিক তার আগমনের পূর্বে।

119 কিন্তু তিনি সেখানে বসে পড়ে ছিলেন, আর এখানে একজন আধা যিহূদী এবং পরজাতি চলে আসেন, একজন মহিলা। আর তিনি তাকে বলেছিলেন, "মহিলা, আমার জন্য পানীয় আনুন।"

120 সে বলেছিল, "কেন, আপনার এটা জিজ্ঞাসা করা উচিত হয়নি, এই ভাবে। আমরা...এখানে একটি বিভাজন রয়েছে। আপনি একজন যিহূদী, আর—আর আমি একজন শমরিয়া।"

121 তিনি বলেছিলেন, "তুমি যদি জানতে কার সঙ্গে তুমি কথা বলছো, তুমি আমার কাছে পানীয় চাইতে।" তিনি কি করছিলেন ? তার আত্মার সঙ্গে যোগ স্থাপন করেছিলেন। আর যখনই তার সমস্যা তিনি খুঁজে পান, ঠিক আছে, তিনি তাকে বলেন তার স্বামীকে নিয়ে আসতে। সে বলেছিল তার কাছে একজনও নেই। তিনি ছিলেন, "তুমি ঠিক বলেছ, তোমার কাছে পাঁচজন ছিল।"

122 এখন, দেখুন, যখন ফরীশীরা তাকে তা করতে দেখলেন। ঠিক, সেই বিভেদ ঠিক বাক্যের মধ্যে, তারা কি বলেছিল ? তারা বলেছিল, "এই ব্যক্তিটি বেল্‌সবূল, একজন তান্ত্রিক।" দেখুন ?

123 আর যীশু বলেছিলেন, "পবিত্র আত্মার বিষয়ে এইরকম যদি কেউ বলে থাকে যখন একই কাজ করে সে আসে, তাকে কখনোই ক্ষমা করা হবে না।" সেটাই বিভেদ। বুঝলেন ? কিন্তু তিনি বলেছেন তখন তিনি তাদেরকে ক্ষমা করবেন, কারণ পবিত্র আত্মা তখন আসেনি; বলিদান, মেষশাবক মারা যাননি।

124 কিন্তু তখন সেই মহিলাটি এটা ভাবেননি। সেই মহিলাটি বলেছিলেন, "মহাশয়, আমি দেখছি যে আপনি একজন ভাববাদী।" কয়েকশো বছর ধরে তাদের কাছে কোন ভাববাদী ছিলেন না। বলেছিলেন, "আমি দেখছি যে আপনি একজন ভাববাদী। এখন, আমরা জানি যে মশীহ, যাকে খ্রীষ্ট বলা হয়, যখন তিনি আসবেন, সেটাই তিনি করবেন।"

125 ঠিক আছে, যদি তিনি সেটাই করে থাকেন, তাহলে তিনি কাল, আজ একই। এই ভাবেই তিনি তখন নিজেকে প্রকাশ করেছিলেন, আজ এটা কি একই না ? হতেই হবে! এখন, এখানে একজন পুরুষ আর মহিলা পুনরায় সাক্ষাৎ করছেন। তিনি সেই মহিলা নন, আমি সেই পুরুষ নই। কিন্তু সেই একই পবিত্র আত্মা এখানে আছে, আর প্রতিজ্ঞা করেছেন যে সকল কার্য তিনি করেছিলেন, মনুষ্যপুত্র প্রকাশিত হওয়ার দিনেও তিনি সেই একই কার্যগুলি করবেন।

126 এখন, আপনাকে না জেনে (আর আপনি জানেন এটা সত্য), আমরা সম্পূর্ণ অপরিচিত, আর আপনি এখানে দাঁড়িয়ে আছেন। সেখানে কিছু...হতে পারে আপনার সাথে কিছু ভুল হয়েছে, কিম্বা নাও হতে পারে, আমি জানি না। কিন্তু ঈশ্বর যদি তা আমার কাছে প্রকাশ করেন, তার পবিত্র আত্মার দ্বারা, আপনার কি অসুবিধা, তখন কি আপনি বিশ্বাস করবেন যে এটা ঈশ্বরের পুত্র, এবং একজন মানুষ নয় ? এটা একটা কাঠামো মাত্র, *এটা* আরাধনালয় যাকে—যাকে ঈশ্বর ব্যবহার করেন, যে কেউ যাকে তিনি মনোনীত করেছেন।

তিনি—তিনি তা করে থাকেন সর্বভৌম অনুগ্রহ এবং নির্বাচনের দ্বারা। তাই, কিন্তু আপনি বিশ্বাস করেন। আপনি করবেন? [মহিলাটি বললেন, "আমেন।"—সম্পাদক]

127 কত জন শ্রোতাদের মধ্যে তা বিশ্বাস করবেন? এখানে আমরা উভয়ই দাঁড়িয়ে রয়েছি ঠিক এখানে আলোর সামনে, আমাদের এই জীবনে কখনো সাক্ষাৎ হয়নি, এই মহিলাটি কে তার কোনো ধারণাই নেই, তিনি কে, তিনি কোথা থেকে এসেছেন, তিনি কি চান। আমি তাকে আমার জীবনে কখনো দেখিনি, আমার জীবনে তাকে *সেখানে* ছাড়া আর কোথাও দেখিনি। কিন্তু, দেখুন, আমি চেষ্টা করছি আপনি যাতে এটা করেন: এখন সেই বিভেদকে আপনার কাছ থেকে দূরে সরিয়ে ফেলুন, আর বাক্যে বিশ্বাস করুন যখন সেই বাক্য আমাদের মাঝে ঠিক এখানে দেহধারণ করলেন। বাক্য আমাদের নিজ শরীরেই জীবিত হয়ে ওঠে, যা ঈশ্বরের উপস্থিতিকে দেখিয়ে দেয়।

128 এখন তিনি তাকে এটি প্রদান করুন। তিনি একটি উপযুক্ত কারণ চাইছেন। তিনি নিঃসন্তান, তিনি একটি শিশু চান। তার বয়স প্রায় চল্লিশ বছর। সেটা নিশ্চয়ই অসম্ভব নয়।

129 তারা সেখানে এখন বিন্যাসিত হচ্ছেন, মহিলারা যারা তাদের সমস্ত জীবন ধরে বন্ধ্যা, আর এইরকম মঞ্চে এসে, আর ঈশ্বর তাদেরকে সন্তান প্রদান করবেন। আপনাদের মধ্যে সেখানে কেউ হাত উপরে করুন যারা জানেন। দেখুন? দেখুন? আমি অন্য একদিন একজন ছোট্ট বালিকাকে তুলে নিই, রবিবার, এখান থেকে চলে যাওয়ার পর, রবিবার বিকেল বেলা; তার মা বন্ধ্যা ছিলেন, ঈশ্বর কথা বলেছেন। আর সেই ছোট্ট বালিকাটি, সবচেয়ে মিষ্টি জিনিস, সে কি এখানে আছে? সে কোথায় আছে? হ্যাঁ। সে এখানে আছে, ঠিক এখানে, এখানে বসে রয়েছে। তার মা সেখানে বসে রয়েছে। এখানে সেই ছোট্ট বালিকাটি, নিজেই। তাকে দেখুন? সে ঈশ্বরের দ্বারা কথিত বাক্য।

130 এখন, আপনি কি আপনার সম্পূর্ণ হৃদয় দ্বারা তাকে বিশ্বাস করবেন? আপনি কি বিশ্বাস করেন আপনার কাছে যে আশীর্বাদ রয়েছে, যা আপনি এখন আপনার মধ্যে অনুভব করছেন, ঈশ্বরের দ্বারা উত্তর? যদি ঈশ্বর আমাকে বলেন আপনার নাম কি, আপনি সেই সন্তানকে নামকরণ করতে পারবেন, আপনি কি বিশ্বাস করবেন? তাহলে, মিসেস থম্পসন, আপনি ঘরে যেতে পারেন আর আপনার সন্তানকে পেতে পারেন, যদি আপনি আপনার সম্পূর্ণ হৃদয় দিয়ে এটা বিশ্বাস করেন।

131 আপনি কি আপনার সম্পূর্ণ হৃদয় দিয়ে বিশ্বাস করেন? শুধু বিশ্বাস করুন, সন্দেহ করবেন না, শুধু ঈশ্বরকে বিশ্বাস করুন। ঈশ্বরই ঈশ্বর।

132 মহাশয়, আপনি কেমন আছেন? আমি মনে করি আমরাও অপরিচিত। আমি আমার জীবনে শুধুমাত্র আপনাকে দেখেছি, যা আমি জানি, যখন আপনি সেখানে আসছিলেন। আর আমি ভেবেছিলাম আপনি ভাই শাকারিয়ান্সের কাকা, বা তিনি কে... মাশগিয়ান, ভাই মাশগিয়ান, গায়ক, যখন আপনি আসছিলেন। আর তখন আমি দেখতে পাই আপনি প্রার্থনার লাইনের দিকে যাচ্ছেন। এখন, আপনার সঙ্গে অপরিচিত হওয়ায়, আর, বা আপনার কাছে, আমি একজন অপরিচিত, উভয় দিকেই। এখন, যদি প্রভু যীশু আমাকে কিছু বলেন যা আপনি—যা আপনি, হয়তো যা আপনি চাইছেন, আসুন শুধু এটা বলা যাক; কি বলেন আপনি, আমাকে বলুন আপনি কি চাইছেন। এখন, তিনি ইতিমধ্যেই আপনাকে তা দিয়ে দিয়েছেন। তা বিশ্বাস করার জন্য কেবল মাত্র যথেষ্ট বিশ্বাসের দরকার।

133 এখন, কতজন তা বুঝতে পেরেছেন? শুধু যথেষ্ট বিশ্বাস এটা বিশ্বাস করার জন্য যে আপনি যা কিছু চান তা আপনি পেয়ে গেছেন! বুঝেছেন?

134 এখন, এখন, যদি আপনি এখানে এসেছেন কিছু পাওয়ার জন্য, আর তিনি আমাকে বলেন আপনার কি ইচ্ছা, তখন আপনি জানবেন আমি আপনার ইচ্ছা কি তা জানি না, তাহলে এখানে এমন কিছু আছে যা এটা করছে। এখন, বাক্য অনুসারে, এটি করার জন্য তিনি প্রতিজ্ঞা করেছেন। তিনি তাদের হৃদয়ের মধ্যে চিন্তাভাবনা জানতেন। সেটা কি ঠিক? ঠিক আছে।

135 আপনার কাছে সুস্থ হওয়ার জন্য প্রবল ইচ্ছা রয়েছে। একটা বিষয়, আপনি বিচলিত অবস্থায় ভুগছেন, প্রকৃত বিচলিত। সেটা ঠিক। আরেকটি বিষয়, আপনার পিঠের সমস্যা রয়েছে, কিছু সময়ের জন্য সেই পিঠের অবস্থা খুব খারাপ হয়ে গিয়েছিল, এমনকী জন্য আপনি অপারেশন করেছেন। এটা সদাপ্রভু এই কথা বলেন। সেটা সত্য। দেখুন। সেটা সত্য। আর এখানে আরও একটা বিষয়, আপনার গভীর ইচ্ছা, যে, আপনি পবিত্র আত্মার বাপ্তিস্মা গ্রহণ করতে চান। সেটা নিশ্চয়ই ঠিক। এখানে আসুন।

136 প্রিয় ঈশ্বর, যীশু খ্রীষ্টের নামে, এই স্থান থেকে চলে যাওয়ার পূর্বে, এই ব্যক্তিকে পবিত্র আত্মার দ্বারা পরিপূর্ণ করুন, যীশু খ্রীষ্টের নামে। আমেন।

আমার ভাই, এখন গ্রহণ করুন। শুধু বিশ্বাস করুন, সন্দেহ করবেন না।

137 আপনি কেমন আছেন? আমি মনে করি, যতদূর আমি জানি, আমরা একে অপরের কাছে অপরিচিত। যদি সেটা সত্যি হয়, কেন, কারন লোকেরা জানতে পারবে, আপনার হাত উপরে উঠান যাতে তারা দেখতে পারে আমরা অপরিচিত। আমি তাকে আমার জীবনে কখনো দেখিনি, জ্ঞাতসারে। আর আমি অনুমান করি সেও আমাকে কখনো দেখেনি, যদি না শ্রোতাদের মধ্যে থেকে হয়। কারণ স্বর্গীয় পিতা জানেন, আর এখানে তার বাক্য রাখা আছে, যে আমি এই মহিলাকে কখনো দেখিনি, জ্ঞাতসারে, আমার জীবনে। সুতারং, আমি জানব না আপনি এখানে কিসের জন্য এসেছেন, আপনি কে আমার কোনো ধারনাই নেই, কি, বা আপনার বিষয়ে কোন কিছুই না। আমি আপনাকে একটা বিষয়ও বলতে পারব না।

138 একমাত্র বিষয়, এটা শুধুমাত্র একটা দান। যদি আমি পারি... যেমনটা কিছু সময় আগে ব্যাখ্যা করতে আপনি শুনেছেন। শুধু চলতে থাকুন, তিনি কি বলেন তা শুনুন; আমি দেখছি, আমি এটা বলতে পারি। তিনি যা কিছু বলেন না, আমি তা বলতে পারি না। আমি তা নিজের মধ্যে বলব, আর এটা ভুল হবে। বুঝলেন? এটা ভুল হবে। কিন্তু তিনি যদি তা বলেন, এটা নিশ্চিত সঠিক। এটা কখনোই না, এটা কখনই ভুল হয় নি। যতক্ষণ পর্যন্ত ঈশ্বর থাকেন এটা কখনই ভুল হবে না। বুঝলেন? বুঝলেন, কারণ ঈশ্বর ভুল হতে পারেন না।

139 কিন্তু যদি ঈশ্বর আমাকে বলেন আপনি কি চান, আপনার ইচ্ছা কি, অথবা—অথবা আপনি কেন এখানে এসেছেন, এমন কিছু যা আপনি করেছেন, বা কোনো কিছু, এইরকম কিছু, বা আপনি কে, আপনি কোথা থেকে এসেছেন, অথবা তিনি যা কিছু চান আমাকে বলতে, আপনি বিশ্বাস করবেন? ধন্যবাদ আপনাকে।

140 একটি বিষয়, আপনার পায়ে সমস্যা আছে। আপনার পা আপনাকে বিরক্ত করে। [মহিলাটি বললেন, "হ্যাঁ।"—সম্পাদক] সেটা ঠিক। আপনার...আপনার কাছে মহিলাদের সমস্যা রয়েছে, মহিলাদের রোগ। ["হ্যাঁ।"] আর আপনার কাছে আপনার হৃদয়ে এক মহৎ ইচ্ছা রয়েছে, কারণ সবে মাত্র আপনি কাউকে বা কোন

কিছু হারিয়েছেন। এটা একটি বালক, আর আপনার ছেলে ঘর ছেড়ে চলে গিয়েছে, পালিয়ে গিয়েছে, আর আপনি চান তার ফিরে আসার জন্য যাতে আমি প্রার্থনা করি। [“হ্যাঁ।”]

141 স্বর্গের ঈশ্বর, তার পুত্রকে আর আরোগ্যকে তার কাছে পাঠিয়ে দিন। পবিত্র আত্মা সেই যুবকটিকে আজ রাতে পথে থামিয়ে দিন, তাকে তার মার কাছে ফেরত পাঠিয়ে দিন। যীশু খ্রীষ্টের নামে। আমেন।

142 তিনি যিনি জানেন আপনার কাছে তাকে ফেরত পাঠিয়ে দিবেন। চিন্তা করবেন না। এখন বিশ্বাস করুন, সন্দেহ করবেন না। শুধু বিশ্বাস করুন, আপনার সম্পূর্ণ হৃদয়ে। আপনি বিশ্বাস করুন, আর ঈশ্বর বাকি অংশ পূরণ করবেন।

143 এখন, এই তিনটি বা চারটি বিচক্ষণতায়, যা কিছুই এটা ছিল, বুঝলেন, আমি—আমি ততদূর পর্যন্ত যেতে পারি যতক্ষণ পর্যন্ত এটা আমার কাছে অস্পষ্ট না হয়ে যায়। আমি তা ব্যাখ্যা করতে পারবো না, এটা ব্যাখ্যা করার জন্য সেখানে কোন পথই নেই। আপনারা বলেন, “আপনি বুঝাতে চাইছেন, আপনি পঁয়তাল্লিশ মিনিট বা তারও বেশি সময় ধরে সেখানে প্রচার করার চেয়েও সেটা খারাপ ছিল, আপনি ভাবেন?” হ্যাঁ, মহাশয়। যদি এটা তিন ঘন্টা হতো, এটা এতটা হত না।

144 একজন মহিলা আমাদের প্রভু যীশুর বস্ত্র স্পর্শ করেছিলেন। আর তাদের লোকেরা আমাকে স্পর্শ করছে না। কেন, এখানে এই মহিলা, এখানে দেখুন, সে শুধু হয়তো...(আপনার হাত আমার উপরে রাখুন। দেখুন?) সে আমার চারপাশে স্পর্শ করলেও কোন কিছু হবে না, আমি শুধুমাত্র একজন মানুষ। কিন্তু তাকে ঈশ্বরকে স্পর্শ করতে হবে। আর আমি, দানের দ্বারা, শুধুমাত্র—শুধুমাত্র... এটা চলে যায়, আমার সম্পূর্ণ নিজস্বতা চলে যায়, আর আমি যা কিছু দেখি শুধু তাই বলি। বুঝলেন? আর এটাই সবকিছু। বুঝলেন, আমাকে স্পর্শ করার কোনো মানেই হয় না, কিন্তু সে যীশুকে আমার মাধ্যমে স্পর্শ করে। এই ভাবেই সেই মহিলাটি যীশুর মাধ্যমে ঈশ্বরকে স্পর্শ করেছিলেন, যখন তিনি জানতেন না তার সঙ্গে কি ব্যাপার। সে শুধু তার বস্ত্র স্পর্শ করেছিল, ফিরে গিয়ে বসে পড়েছিল। আর তিনি বলেছিলে—আর তিনি বলেছিলেন, “আমাকে কে স্পর্শ করেছে?”

145 আর প্রেরিতেরা বলেছিলেন, “কেন, সবাই তো আপনাকে স্পর্শ করছে। আপনি এটা কেন বলছেন?”

তিনি বলেছিলেন, “কিন্তু আমি অনুভব করলাম সদ্‌গুণ আমার থেকে বের হয়েছে।”

146 এখন, আপনারা জানেন সদ্‌গুণ কি? শক্তি। একজন মহিলার স্পর্শ করার দ্বারা তিনি দুর্বল হয়ে পড়েছিলেন, আর তিনি ঈশ্বরের পুত্র ছিলেন। আমার বিষয়ে কি, একজন পাপী, তাঁর অনুগ্রহের দ্বারা পরিত্রান পেয়েছি? আপনারা জানেন কেন এটা বেশি? কেননা তিনি বলেছেন, “যে সকল কিছু আমি করছি, তোমরাও করবে। এর থেকেও বেশি তোমরা করবে, কারণ আমি পিতার কাছে যাচ্ছি।” “বৃহত্তর,” সেখানে বলা হয়েছে, কিন্তু সঠিক গ্রীক অনুবাদ হচ্ছে, “এর থেকেও বেশি তোমরা করবে।”

147 এখন, সেই মহিলা যাকে আমি জানি না। আমি তার বিষয়ে কিছুই জানতাম না। অন্য সকল লোকদের মতো সে আমার কাছে একজন সম্পূর্ণ অপরিচিত। আমরা একে অপরের সঙ্গে অপরিচিত। শুধু লোকেদের জানানোর জন্য, আপনি আপনার হাত উপরে উঠাতে পারেন, বলুন, “আমরা অপরিচিত।” এখন, ঈশ্বরের পুত্র, যদি তিনি একসময় একজন মহিলার সঙ্গে এইরকম ছোট্ট দৃশ্য সাক্ষাৎ করে থাকেন, একটি কূপের ধারে, আর তিনি তার সঙ্গে কিছু সময়ের জন্য কথা বলেন, আর তিনি জেনে ফেলেছিলেন তার সমস্যাটি কোথায় ছিল, আর তিনি তাঁকে বলেছিলেন কোথায় তার সমস্যাটি আছে। তাই সে জানতে পারল, যে তিনি মশীহ। এখন যে—যে আমার কাছে...আপনি আমাকে স্পর্শ করেছেন, আমি আপনাকে স্পর্শ করেছি, কিন্তু কিছুই ঘটলো না। কিন্তু যদি আমার বিশ্বাস (দানের দ্বারা) আর আপনার বিশ্বাস (এর উপর বিশ্বাস করে) তাকে স্পর্শ করতে পারে, আর তিনি আমাদের মাধ্যমে কথা বলতে পারেন...আমার মাধ্যমে আপনার সঙ্গে, তখন আপনি জানবেন যে তিনি এখানে আছেন যেমন তিনি সেখানে—সেখানে শুখরের কূপের ধারে ছিলেন। বুঝলেন? তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই। আপনি কি তা বিশ্বাস করেন?

148 আপনার কাছে অনেক সমস্যা রয়েছে, অনেক পীড়া, জটিলতা! একটি মুখ্য বিষয় হল বাতের ব্যথা যার জন্য আপনি প্রার্থনা করাতে চান। সেটা ঠিক। সেটা কি ঠিক? আপনি বাতের জন্য চলাফেরা করতে কষ্ট পাচ্ছেন। যখন আপনি দেখেন আপনি আপনার বাহু উপরে তুলেন...

149 আর আপনি আস্তে আস্তে হাঁটেন, আমি যতদূর স্মরণ করতে পারি। এক মিনিটের জন্য অপেক্ষা করুন, হতে পারে অন্য কোন কিছু বলা যেতে পারে যা নিয়ে নিবে...অথবা, আপনি জানেন, আপনি

বিষয়গুলি অনুভব করতে পারেন; লোকেরা, আপনি জানেন, এর বিপরীতে একটি নিঃশ্বাসের মত আসছে। তারা বলে, “কেন, তিনি অনুমান করেছেন,” অথবা, আপনি জানেন, এর মত।

150 কিন্তু, আপনি একজন ভাল মানুষ বলে মনে হচ্ছে, আমার সঙ্গে এক মুহূর্তের জন্য কথা বলুন। আসুন এখানে দাঁড়ান, কারণ আমার মনে হচ্ছে আপনার হৃদয়ে আরও কিছু রয়েছে যা আপনি ঈশ্বরের কাছ থেকে চাইছেন। এখন, আমি আপনার প্রার্থনার উত্তর দিতে পারি না, কিন্তু তিনি পারেন...কারণ, যদি আপনি এটা বিশ্বাস করেন, ইতিমধ্যে এর উত্তর দেওয়া হয়েছে। কিন্তু আপনি যদি শুধু বিশ্বাস করতে চান; আপনাকে বিশ্বাস করানোর জন্য। এখন, আমি আপনাকে বলি, এটা একজন প্রিয়জনের বিষয়ে যিনি এখানে নেই, আর তিনি একজন ভাই, আর সেই ভাই এমনকি এই দেশেও নেই। তিনি এক প্রকার আর্দ্র দেশে রয়েছেন, অসংখ্য হ্রদ। আমি বলবো হয়তো মিশিগানের মতো অথবা কোথাও...হ্যাঁ, এটা মিশিগানে। আর তিনি মরণব্যাধির দ্বারা পীড়াত, আর সেটা একটা অনিরাময়যোগ্য কিডনির সমস্যা যার জন্য তিনি চিন্তিত। সেটা ঠিক, তাই না ? এটা সদাপ্রভু এই কথা বলেন। এখন, যে রুমালটি আপনার হাতে রয়েছে, যেটি আপনি ঈশ্বরের কাছে উঠিয়েছেন, সেটা আপনার ভাইকে পাঠিয়ে দিন আর তাকে বলুন সন্দেহ করতে না, কিন্তু বিশ্বাস করতে, আর সেটা, যদি আপনি বিশ্বাস করেন তিনি এখন সুস্থ হয়ে উঠবেন।

151 আপনি আপনার সম্পূর্ণ হৃদয় দিয়ে বিশ্বাস করেন ? দেখুন, তাহলে, যদি আপনি বিশ্বাস করেন, সেখানে একটি বিষয় করতে হবে, সেটি হল, সম্পূর্ণভাবে গ্রহণ করুন। সেটা কি ঠিক ?

152 এখন আপনারা বলেন, “তিনি তাদের দিকে তাকিয়ে আছেন। সেটাই তিনি করছেন, তাদের দিকে তাকিয়ে আছেন।” আপনি সেটা দেখতে পাচ্ছেন !

153 কিন্তু আপনারা হয়তো জানেন না যে এই...এই মহিলাটি এখানে, এই দিক দিয়ে আসুন, মহিলা, এখানে, একজন রোগী, আপনি যে কেউ হন। আমি তার দিকে দেখছি না। আপনি কি বিশ্বাস করেন ঈশ্বর আমার কাছে আপনার কি অসুবিধা তা প্রকাশ করতে পারবেন ? আপনার হাত উপরে উঠান, যদি আপনি বিশ্বাস করেন, এই মহিলাটি এখানে, এই মহিলাটি এখানে, একজন রোগী। হ্যাঁ। হ্যাঁ। ঠিক আছে, যদি আপনি আপনার সম্পূর্ণ হৃদয় দিয়ে বিশ্বাস করেন, সেই হাঁপানির সমস্যা আপনাকে আর কষ্ট দিবে না। ঠিক আছে, ঘরে যান আর বিশ্বাস করুন !... ?...

154 তার দিকে তাকাতে হয়নি, হয়েছিল কি? দেখুন, তিনি... আপনি *এই দিকে* তাকিয়ে আছেন, যা কিছুই ঘটে যাক না কেন দর্শন সেখানে রয়েছে। আমেন! আপনারা কি এটা দেখতে পাচ্ছেন না? ঠিক নিখুঁত ভাবে যেমন ঈশ্বর সিদ্ধ হতে পারেন!

155 আপনিও বিশ্বাস করেন? হাঁপানি আপনাকেও ছেড়ে চলে যেতে পারে, এটা কি পারে না? আপনি বিশ্বাস করেন এটা সম্ভব? ঠিক আছে, যান প্রভু যীশুকে গিয়ে বলুন যে আপনি—আপনি তাকে বিশ্বাস করেন।

156 কোনোদিন কোথাও হয়তো আপনাকে একটি—একটি ছোট্ট লাঠি সঙ্গে নিতে হবে যদি সেই বাতের ব্যথা আপনাকে পঙ্গু করে ফেলে, কিন্তু এটা তা করতে যাচ্ছে না। আপনি বিশ্বাস করেন না এটা হতে যাচ্ছে, করেন কি? আপনি বিশ্বাস করেন আপনার সবকিছু ঠিক হয়ে যাবে? আপনার পথে চলে যান, আর যীশু খ্রীষ্ট আপনাকে সুস্থ করেন।

157 হৃদযন্ত্রের সমস্যা মানুষকে মেরে ফেলে, কিন্তু সে আর আপনাকে মারবে না। আপনি কি বিশ্বাস করেন ঈশ্বর আপনার জন্য এটা সুস্থ করবেন, আর আপনাকে ভালো করবেন? আপনার সম্পূর্ণ হৃদয়ে বিশ্বাস করে চলে যান, বলুন, "আমি এর জন্য নিশ্চয়ই বিশ্বাস করি।"

158 আপনি ইংরেজি বলতে পারেন? আপনি ইংরেজি বুঝতে পারেন? [ভাই ব্রানহাম একজন অনুবাদককের জন্য—সম্পাদক] (কেউ আসুন।) হ্যাঁ, ঠিক আছে। আপনি কি তাকে বলবেন যা কিছু আমি তাকে বলি? তাকে বলুন যদি তিনি বিশ্বাস করেন, তার পেটের সমস্যা তাকে ছেড়ে চলে যাবে। তিনি—তিনি কি বিশ্বাস করবেন? আপনার পিঠের সমস্যাও আপনাকে ছেড়ে চলে যাবে, এখন আপনি আপনার পথে যেতে পারেন আর সুস্থ হয়ে যান।

আপনি কেমন আছেন? আপনি বিশ্বাস করেন? [সে বলল, "হ্যাঁ, মহাশয়।"—সম্পাদক]

159 সেই পুরুষটি সেখানে পিঠের সমস্যা নিয়ে বসে আছেন, যখন আমি বললাম আমার দিকে তাকিয়ে আছেন। তিনিও সুস্থ হতে পারেন, যদি আপনি এটা বিশ্বাস করেন, মহাশয়। ঠিক আছে, মহাশয়।

160 সেই মহিলাটি যিনি আপনার ঠিক পাশে বসে রয়েছেন সেখানে, আপনার ঘাড়ের সমস্যা আছে, তাই না, মহিলা? আপনি বিশ্বাস করেন ঈশ্বর আপনাকে সুস্থ করবেন? আপনি ছোট বালকটির

উপর হাত রাখতে চান তার হাঁটুর জন্য, আর সেও সুস্থ হয়ে উঠবে। আপনি কি বিশ্বাস করেন ? আপনার কাছে মহিলাদের সমস্যা ছিল, মহিলাদের সমস্যা, আপনার এখন তা নেই। আপনার বিশ্বাস আপনাকে সুস্থ করে তুলেছে।

161 আপনি কি বিশ্বাস করেন যীশু খ্রীষ্ট, কাল, আজ এবং অনন্ত কাল একই ? তাহলে আসুন আমরা একে অপরের উপর হাত রাখি আর এই বিশ্বাসের প্রার্থনা প্রার্থনা করি, আমাদের প্রত্যেককেই, বিশ্বাসের প্রার্থনা প্রার্থনা করুন।

162 প্রিয় ঈশ্বর, আপনার ঐশ্বরিক উপস্থিতির দ্বারা যখন আমরা সম্পূর্ণ আচ্ছাদিত, আপনাকে শ্রোতাদের মধ্যে চলাফেরা করতে, সর্বত্র অসুস্থদের সুস্থ করতে দেখে। আপনি ঈশ্বর। আমি প্রার্থনা করি আপনি সকল শ্রোতাদের সুস্থতা প্রদান করবেন। হতে দিন যেন ঈশ্বরের শ্বাস তাদের হৃদয়ে সতেজ হয়ে উঠে, আর তাদেরকে জানতে দিন যে সময় শেষ হয়ে আসছে। আমরা এখানে অল্প কিছু সময়ের জন্য আছি, তারপর আমরা তাঁর কাছে চলে যাবো যাকে আমরা ভালোবাসি। আর এখন তার উপস্থিতি যেন সকলের কাছে সুস্থতা নিয়ে আসে।

163 আমরা শয়তানকে দোষী সাব্যস্ত করি, তার সকল ক্রিয়াকে আমরা দোষী সাব্যস্ত করি। যীশু খ্রীষ্টের নামে, শয়তান, লোকদের থেকে বেরিয়ে আয়।

164 তারা সকলে যারা এখন তাকে বিশ্বাস করবেন, আপনার আরোগ্যতাকে গ্রহণ করুন, আপনার পায়ে দাঁড়িয়ে পড়ুন, বলুন, "আমি এখন দাঁড়িয়েছি আমার সুস্থতা গ্রহণ করার জন্য। আমি এটা বিশ্বাস করি।" আপনার যে কোনো অবস্থা হওয়া সত্ত্বেও, আপনি যদি সত্যিই বিশ্বাস করতে পারেন, আপনার পায়ে দাঁড়িয়ে পড়ুন। এখন আপনার হাত উপরে উঠান, আর বলুন, "ধন্যবাদ আপনাকে, প্রভু যীশু, আমাকে সুস্থ করার জন্য।" ঈশ্বর আপনার সাথে থাকুন। আমেন।

***বিভেদের বীজ*** BEN65-0118

(The Seed Of Discrepancy)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় সোমবার সন্ধ্যাবেলায়, ১৮ জানুয়ারী, ১৯৬৫ খ্রিস্টাব্দে ফুল গসপেল বিজনেস মেন্'স ফেলোশিপ ইন্টারন্যাশনালের জন্য ফিনিক্সের ওয়েস্টওয়ার্ড হো হোটেল, অ্যারিজোনা, ইউ. এস. এ তে প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2021 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

সত্ত্বাধিকার বিজ্ঞপ্তি

**সমস্ত অধিকার সংরক্ষিত।** যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org